NARSINGHA

ই-পেপার: www.ekdin-epaper.com

EKDIN

# একদিন

এগিয়ে চলার সঙ্গী

কলকাতা ১৬ জুলাই ২০২৬ ৩১ আষাঢ় ১৪৩৩ বৃহস্পতিবার বিংশ বর্ষ ৩৬ সংখ্যা ৮ পাতা ৩.০০ টাকা ■ Kolkata 16.07.2026, Vol. 20 Issue No. 36, 8 Pages, Price 3.00



NARSINGHA

এখন বিভিন্ন মাধ্যমে উপলব্ধ
একদিন
Website : www.ekdinnews.com
http://youtube.com/@dailyekdin2165
Epaper : ekdin-epaper.com
দেখুন
শেয়ার এবং সাবস্ক্রাইব করুন

ই-পেপার: www.ekdin-epaper.com

EKDIN

# একদিন

এগিয়ে চলার সঙ্গী



২০৮বি. বি. গাঙ্গুলী স্ট্রীট, কলকাতা – ১২
ফোন ঃ ০৩৩ ২২৪১ ৬২৮১/৮২০৩

৬ নাগাল্যান্ডের সামরিক শক্তির প্রস্তুতি খতিয়ে দেখলেন সেনাপ্রধান

শিল্পের জমিতে শিল্প হওয়ার দাবিতে বিক্ষোভ কৃষকদের ৬

কলকাতা ১৬ জুলাই ২০২৬ ৩১ আষাঢ় ১৪৩৩ বৃহস্পতিবার বিংশ বর্ষ ৩৬ সংখ্যা ৮ পাতা ৩.০০ টাকা ■ Kolkata 16.07.2026, Vol. 20 Issue No. 36, 8 Pages, Price 3.00

## বিশ্বকাপ

**গতকালের ফলাফল**

স্পেন-২ ফ্রান্স-০



সুরভি ম্যানসন্
A trusted jewellers
গড়িয়াহাট-গড়িয়া-সোনারপুর বাজার
9163683241

## পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের তথ্য ফাঁস

■ ভারতের বৃহত্তম পরমাণু বিদ্যুৎকেন্দ্র কুডানকুলমের সঙ্গে সম্পর্কিত প্রায় ১৯,০০০টি অত্যন্ত সংবেদনশীল ফাইল ফাঁস করল 'ওয়ার্ল্ড লিকস'। ডার্ক ওয়েবের মাধ্যমে সাইবার হানার সাহায্যে ওই তথ্য ফাঁস করা হয়েছে বলে সংবাদসংস্থা পিটিআই জানাচ্ছে। র‍্যানসমওয়্যার -এর মাধ্যমে পরমাণু বিদ্যুৎকেন্দ্রটির ঠিকাদার প্রতিষ্ঠান অনিল আম্বানির রিলায়্যান্স এডিএজি-র একটি সার্ভার হ্যাক করে এই তথ্য মিলেছে বলে তথ্য ফাঁসকারী 'ওয়ার্ল্ড লিকস'-এর দাবি। ওই র‍্যানসমওয়্যার গোষ্ঠীর তরফে ফাঁস করা নথিপত্রের মধ্যে পরমাণুকেন্দ্রটির বিভিন্ন অংশের প্ল্যান্ট ব্লুপ্রিন্ট, যন্ত্রাংশের নকশা, সরবরাহকারীদের বিবরণ এবং নিরাপত্তা সংক্রান্ত বিভিন্ন তথ্য রয়েছে। -বিস্তারিত দেশের পাতায়

### 'তৃণমূলেই আছি, শুধু শিবির বদল করেছি'

# মদনও এখন ঋতরই 'মিত্র'

**নিজস্ব প্রতিবেদন:** তৃণমূলের অন্দরে বুধবার রাজনৈতিক সমীকরণে নতুন মোড় নিল। দলের প্রতিষ্ঠাকালীন নেতাদের অন্যতম মদন মিত্র কালীঘাট শিবিরের সমস্ত সাংগঠনিক পদ থেকে ইস্তফা দিলেন। বুধবার সকালে তিনি বিধানসভায় ঋতব্রত বন্দ্যোপাধ্যায়ের ঘরে গিয়ে নিজের সিদ্ধান্তের কথা প্রকাশ্যে জানান। এরপর থেকেই রাজ্যের রাজনৈতিক মহলে শুরু হয়েছে জোর আলোচনা।

ঋতব্রত শিবির সূত্রের দাবি, মঙ্গলবার রাতে মদন মিত্রের সঙ্গে স্বর্ণকমল সাহার বৈঠক হয়। পরে তিনি সন্দীপন সাহার সঙ্গেও দেখা করতে চেয়েছিলেন, যদিও সেই সাক্ষাৎ আর হয়নি। ওই বৈঠকের পর থেকেই তাঁর রাজনৈতিক অবস্থান নিয়ে জল্পনা তৈরি হয়। বুধবার সেই জল্পনাই কার্যত সত্যি হয়। এদিন বিধানসভায় পৌঁছে মদন মিত্র একটি কবিতার লাইন উদ্ধৃত করে নিজের বর্তমান মানসিক অবস্থার ইঙ্গিত দেন। সেই সময় তাঁর পাশে ছিলেন ঋতব্রত বন্দ্যোপাধ্যায়, সন্দীপন সাহা এবং শিউলি সাহা। সূত্রের খবর, আগামী ২১ জুলাইয়ের শহিদ দিবসের কর্মসূচিতেও তিনি



ঋতব্রতদের শিবিরের সঙ্গেই থাকবেন। নতুন শিবিরে যোগ দিয়ে মদন মিত্র বলেন, 'আমি তৃণমূলেই ছিলাম, তৃণমূলেই আছি। শুধু শিবির বদল করেছি।'

### অভিষেকের জন্যই জেলে, তোপ দাগলেন অনুব্রতও

অন্যদিকে, বুধবার গোলপার্কে ঋত-তৃণমূলের বৈঠকে প্রথমবার যোগ দেওয়ার আগে বোমা ফাটালেন অনুব্রত মণ্ডল। অভিষেক বন্দ্যোপাধ্যায়ের জন্যই তাঁকে জেলে যেতে হয়েছিল। গোরুপাচার মামলায় তাঁকে কেন্দ্রীয় সংস্থা গ্রেপ্তার করেছিল। তাঁর দাবি, 'বীরভূম থেকে সাড়ে ৩ কোটি টাকা রেভিনিউ পেত সরকার। পরে কয়লার জন্য দিনে ৪০ লক্ষ টাকা দিতে হত।' অনুব্রতর ভবিষ্যদ্বাণী, 'আগামী দিনে তৃণমূলে আর কেউ থাকবে না। শেষ হয়ে যাবে।' অনুব্রতের কথায়, 'সংগঠন ভেঙে পড়েনি। ২১ জুলাইয়ের সভায় বীরভূম থেকে প্রচুর মানুষ আসবেন। আমরা পোস্টার মারব, মিছিল করব। দলের সঙ্গে কোনওদিন বিশ্বাসঘাতকতা করিনি।'

মমতা বন্দ্যোপাধ্যায়ের শিবির ছেড়ে বুধবার ঋতব্রত বন্দ্যোপাধ্যায়ের শিবিরে যোগ দিয়েছেন মদন।



বুধবার জনতার দরবারে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী।

## ইসকনের রথের সূচনায় মুখ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিবেদন:** বৃহস্পতিবার কলকাতার ইসকনের রথযাত্রার সূচনা করবেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। মুখ্যমন্ত্রী পদে দায়িত্ব নেওয়ার পর এটিই হবে রথযাত্রায় তাঁর প্রথম অংশগ্রহণ। নবান্ন সূত্রে জানা গিয়েছে, বৃহস্পতিবার দুপুর প্রায় ১২টা নাগাদ অ্যালবার্ট রোডের ইসকন মন্দির থেকে আনুষ্ঠানিক ভাবে রথযাত্রার সূচনা করবেন তিনি। এর পর কিছু দূর পর্যন্ত রথযাত্রায় থাকলেও শেষ পর্যন্ত তিনি যাবেন না বলেই প্রশাসনিক সূত্রের খবর।

ইসকনের রথযাত্রা অ্যালবার্ট রোডের মন্দির থেকে শুরু হয়ে হাঙ্গারফোর্ড স্ট্রিট, এজেসি বোস রোড, শরৎ বোস রোড, হাজরা রোড, শ্যামাপ্রসাদ মুখার্জি রোড, এক্সাইড মোড়, জওহরলাল নেহরু রোড, আউট্রাম রোড হয়ে ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে পৌঁছোবে। প্রতি বছরই এই রথযাত্রায় হাজার হাজার ভক্ত ও দর্শনার্থীর সমাগম হয়। এ বছর নিরাপত্তা ও প্রশাসনিক প্রস্তুতি বাড়ানো হয়েছে। নবান্ন সূত্রে আরও জানা গিয়েছে, কলকাতার কর্মসূচি শেষ করেই মুখ্যমন্ত্রী পূর্ব মেদিনীপুরে রওনা হতে পারেন। নিজের রাজনৈতিক জীবনের শুরু থেকেই তিনি পূর্ব মেদিনীপুর জেলার বিভিন্ন ঐতিহ্যবাহী রথযাত্রার অনুষ্ঠানে নিয়মিত অংশগ্রহণ করে আসছেন। সেই ধারাবাহিকতা বজায় রেখে এ বছরও জেলার একাধিক রথযাত্রার উদ্বোধন বা ধর্মীয় অনুষ্ঠানে তাঁর যোগ দেওয়ার সম্ভাবনা রয়েছে।

## শর্তসাপেক্ষে ২১ জুলাইয়ের অনুমতি মমতা তৃণমূলকে

**নিজস্ব প্রতিবেদন: কালীঘাট তৃণমূলকে ২১ জুলাই কর্মসূচির জন্য স্থান নির্দিষ্ট করে দিল কলকাতা হাইকোর্ট। তবে বেঁধে দিয়েছে কয়েকটি শর্তও। বুধবার বিচারপতি সৌগত ভট্টাচার্য জানান, অনধিক তিন হাজার লোক নিয়ে ওই কর্মসূচি পালন করা যাবে। বিড়লা প্ল্যানেটোরিয়ামের সামনে এক দিকের রাস্তা ব্যবহার করে কর্মসূচি করতে পারবে কালীঘাট তৃণমূল। অন্য দিকের রাস্তা দিয়ে গাড়ি চলাচল করবে। আদালত জানিয়েছে, দুপুর ১২টা থেকে বিকেল সাড়ে ৩টে পর্যন্ত করা যাবে ওই কর্মসূচি।**

**বিড়লা প্ল্যানেটোরিয়ামের কাছে ৫০০ লোকের বেশি হলে অসুবিধা হবে বলে আপত্তি জানায় রাজ্য। তাদের যুক্তি, সেখানে স্কুল, কলেজ, হাসপাতাল রয়েছে। ২০০০ লোক হলে সুবোধ মল্লিক স্কোয়্যার, ১০ হাজারের বেশি লোক হলে ব্রিগেডে করতে হবে। তখন কালীঘাট তৃণমূলের আইনজীবী কল্যাণ বন্দ্যোপাধ্যায় পাল্টা জানান, ভিক্টোরিয়া হাউসের সামনে প্রতি বছর এই কর্মসূচি করা হয়। সুবোধ মল্লিক স্কোয়্যারে এই কর্মসূচি করতে চান না তাঁরা। নবান্নের সামনে এই কর্মসূচিতেও অসুবিধা নেই তাঁদের। এর পরই তাঁর অভিযোগ, আসলে কর্মসূচির অনুমতি দিতে চাইছে না রাজ্য।**

## এফআইআর কত, হাইকোর্টে অভিষেক, দিলেন কণ্ঠস্বর নমুনাও

**নিজস্ব প্রতিবেদন:** রাজ্যে পালাবদলের পর থেকে নতুন নতুন অভিযোগে বিদ্ধ অভিষেক বন্দ্যোপাধ্যায়। কখনও বিষ্ণুপুর থানায়, আবার কখনও ডায়মন্ড হারবারে তাঁর বিরুদ্ধে এফআইআর দায়ের হচ্ছে। তাঁর নামে এখনও পর্যন্ত কতগুলি এফআইআর হয়েছে, তার হিসাব চেয়ে এ বার কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হলেন অভিষেক। ডায়মন্ড হারবারের সাংসদের বক্তব্য, তাঁর নামে কতগুলি এফআইআর হয়েছে, তা জানাক রাজ্যের ডিজিপি। ওই মামলায় রাজ্যের থেকে রিপোর্ট চাইল উচ্চ আদালত।

এফআইআর নিয়ে বুধবার বিচারপতি সৌগত ভট্টাচার্যের বেঞ্চে আবেদন করেন অভিষেকের আইনজীবী গোপালশঙ্কর নারায়ণ এবং অয়ন ভট্টাচার্য। তাঁদের বক্তব্য, 'অভিষেক একজন রাজনৈতিক ব্যক্তিত্ব। সেই কারণে প্রতিহিংসাপরায়ণ হয়ে তাঁর বিরুদ্ধে পদক্ষেপ করা হচ্ছে।' আইনজীবীদের দাবি, 'অভিষেকের বিরুদ্ধে এখনও পর্যন্ত আটটি এফআইআর হয়েছে। আরও কতগুলি মামলা আছে তা জানা নেই। তাই সেই সংখ্যা জানানোর আবেদন। পুলিশের কাছ থেকে রিপোর্ট আসার পরই সব অভিযোগ নিয়ে বক্তব্য জানানো হবে।'

অন্যদিকে, হাইকোর্টের ধমক খেয়ে এদিনই কণ্ঠস্বরের নমুনা দিতে বিধাননগর মহকুমা আদালতে পৌঁছন অভিষেক।

www.dulalchandrasenjewellers.com
Follow us @

রথযাত্রা '২৬
অফার



প্রতি ১০ গ্রাম সোনার দামে
২০০০/- ছাড়
২৫%* ছাড় সোনার গহনার মজুরীতে
২০%* ছাড় রুপোর সামগ্রীর মজুরীতে
১০%* ছাড় হীরা ও গ্রহরত্নের দামে
২৬ই জুলাই, ২০২৬ পর্যন্ত
১০০% exchange পুরানো হলমার্কযুক্ত গহনায়

পুরানো গহনা বদলে নতুন হলমার্কযুক্ত
সোনার গহনা কিনুন

শতবর্ষের পথে
দুলাল চন্দ্র সেন
জুয়েলার্স

৩১, জি. টি. রোড (সাউথ), দুলাল সেন মার্কেট, হাওড়া ময়দান,হাওড়া - ৭১১ ১০১ 033 2641 4262 +91 70444 89592

সম্পাদকীয়

## বিজেপি সরকারের মোক্ষম দাওয়াই, তৃণমূল জমানার প্রাতিষ্ঠানিক দুর্নীতির তদন্তে কমিশন

খোদ মুখ্যমন্ত্রী বলেছিলেন, ক্ষমতায় এলে তৃণমূল জমানার তামাম প্রাতিষ্ঠানিক দুর্নীতির তদন্ত হবে। কথা মতো এবার সেই কমিশন গড়ল রাজ্য। কমিশনের নেতৃত্বে থাকছেন কলকাতা হাইকোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতি বিশ্বজিৎ বসু। কমিশনের কার্যপরিধি নিয়ে সরকারি বিজ্ঞপ্তিতে স্পষ্ট বলা হয়েছে, ২০১১ সালের মে মাস থেকে ২০২৬ সালের মে মাস পর্যন্ত ওঠা সমস্ত প্রাতিষ্ঠানিক দুর্নীতির অভিযোগগুলি খতিয়ে দেখবে এই কমিশন। আর এতেই ঘুম উড়েছে তৃণমূল জমানার কেষ্টবিষ্টুদের। কারণ, বিজ্ঞপ্তিতেই স্পষ্ট, মূলত তৃণমূল আমলের দুর্নীতিগুলিরই তদন্ত করবে এই কমিশন। বিজ্ঞপ্তিতে কমিশনের কাঠামোও স্পষ্ট করে দেওয়া হয়েছে। কমিশনের চেয়ারম্যান অবসরপ্রাপ্ত বিচারপতি হলেও তদন্ত পরিচালনা করবেন রাজ্য সরকারের নিযুক্ত এক প্রবীণ আইপিএস আধিকারিক। প্রশাসনিক দায়িত্বে থাকবেন একজন আইএএস বা ডব্লিউবিসিএস আধিকারিক এবং প্রযুক্তিগত সহায়তা করবেন একজন ডব্লিউবিআরএস আধিকারিক। বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে, সিবিআই বা অন্য কোনও কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার তদন্তাধীন মামলাগুলি কমিশনের আওতার বাইরে থাকবে। ফলে নিয়োগ দুর্নীতি, কয়লা, বালি পাচার-সহ একাধিক বহু চর্চিত দুর্নীতির তদন্তে এই কমিশনের কোনও ভূমিকা থাকবে না। কিন্তু তারপরও ভয়ে ঠকঠকানি শুরু হয়ে গিয়েছে তৃণমূলের অন্দরমহলে। সূত্রের খবর, অনেকেই এখন মরিয়া হয়ে বাঁচার জন্য নানা ফন্দিফিকির খুঁজছে। কিন্তু সেসবে যে আর খুব একটা লাভ হবে না, সেটা কে বেঝাবে! ক্ষমতায় থাকাকালীন এদের রূপ মানুষ দেখেছে। মানুষকে যারা মানুষ বলেই মনে করতো না, ক্ষমতার দম্ভে যাদের পা মাটিতেই পড়তো না, এখন সেই সব তৃণমূল নেতারা পাড়ায় পাড়ায় ক্ষমা চেয়ে বেড়াচ্ছেন। কেউ বা তোলাবাজির টাকা ফেরত দিচ্ছেন। কেউ আবার রীতিমতো শিবির করে আবাস যোজনায় নেওয়া কাটমানির টাকা ফেরত দিচ্ছেন। এমন ছবি আসছে সংবাদমাধ্যমে। সময় এসেছে এবার এই সব দুর্নীতিবাজদের সমূলে উৎখাত করা। তবে শুধু তদন্ত করলেই হবে না, রাজ্য থেকে এই সংস্কৃতি চিরতরে বন্ধ করতে হবে, এটাই জনগণের প্রার্থনা নতুন সরকারের কাছে।

# তেত্রিশ কোটি দেবতাকে নিয়ে গঙ্গাসাগর থেকে পুরী শ্রীশ্রী জগন্নাথদেব চললেন রথযাত্রায়

**প্রদীপ মারিক**



সাগরদ্বীপ মানেই গঙ্গাসাগর, সারা পৃথিবী থেকে পুণ্যার্থীরা ছুটে আসেন এখানে পুণ্যার্জন করতে। হিন্দু ধর্মাবলম্বীদের কাছে পবিত্র ভূমি গঙ্গাসাগর। সাগরদ্বীপে মহা ধুম ধাম করে পালিত হয় রথযাত্রা। সাগরদ্বীপের ইসকনের রথযাত্রা উৎসব আধ্যাত্মিক ঐক্য, ভক্তি এবং আনন্দের প্রতীক হয়ে উঠেছে, লক্ষাধিক ভক্তের আকর্ষণের কেন্দ্রবিন্দু এই রথযাত্রা। পুণ্যার্থীরা পবিত্র রথ টানার সময় উচ্চৈস্বরে শ্রী হরির পবিত্র নাম জপ করে ঐশ্বরিক আনন্দ অনুভব করেন। শ্রীক্ষেত্র জগন্নাথ পুরীর প্রাচীন ঐতিহ্য অনুসরণ করে , পূজা, রথ মেরামত এবং সাজসজ্জা সহ রথযাত্রার আয়োজন করে ইসকন। কেবল মাত্র ইসকন নয়, সাগরদ্বীপের মুড়িগঙ্গা, চৌরঙ্গী, বাগবাজার, চেমাগুড়ি, হরিনবাড়ি, চিত্ত মোড় থেকে পয়লা ঘেরি, কচুবেরিয়া আশ্রম মোড়, বামনখালী তে রথযাত্রা আয়োজন করা হয়। সাগরদ্বীপের এই রথযাত্রা আধ্যাত্মিক চেতনার উন্মেষ ঘটায়। রথযাত্রা হ'ল সনাতন ধর্মের অন্যতম প্রধান ধর্মীয় উৎসব। প্রতিবছর আষাঢ় মাসের শুক্লাপক্ষের দ্বিতীয় তিথিতে বিশেষ উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে জগন্নাথ দেবের রথযাত্রা উৎসব সাড়ম্বরে পালন করা হয় । এই উৎসব কালক্রমে হয়ে উঠেছে ধর্ম বর্ণ গোত্র নির্বিশেষের মহা মিলন তীর্থ । পুরীর জগন্নাথ মন্দিরের রথযাত্রা হল সর্বাধিক প্রসিদ্ধ রথযাত্রা। রথ যাত্রা উপলক্ষে প্রাচীন কাহিনীকে বিশ্বাস করে রথযাত্রার উৎসব পালন করা হয়। এক বিশেষ সূর্যগ্রহন উপলক্ষে শ্রীকৃষ্ণ তার জ্যেষ্ঠ ভ্রাতা বলরাম বা বলভদ্র ও ভগিনী সুভদ্রা এবং দ্বারকাবাসীকে নিয়ে কুরুক্ষেত্রের পবিত্র দ্বৈপায়ন হ্রদে পুণ্যস্নানে যান। সেই সময় এই পুণ্যস্নানে বৃন্দাবন থেকে ব্রজবাসীরাও অংশগ্রহণ করেন। তারা জানতে পারে কুরুক্ষেত্রে এই পুণ্যস্নানে তাদের নয়নের মনি ব্রজের গোপাল শ্রীকৃষ্ণও এসেছেন । এখানে বৃন্দাবনের ব্রজবাসীর সাথে শ্রীকৃষ্ণের সাক্ষাৎ হয় । তারা শ্রীকৃষ্ণের দর্শন লাভ করে মহা আনন্দে আত্মহারা । ব্রজবাসীরা ঠিক করলো শ্রীকৃষ্ণকে বৃন্দাবন ব্রজধামে নিয়ে যাবে । রথে আসীন শ্রীকৃষ্ণ, বলরাম আর সুভদ্রার রথের ঘোড়াগুলোকে ছেড়ে দিয়ে নিজেরাই রথের রশি টেনে বৃন্দাবনে নিয়ে আসে । দীর্ঘ বিচ্ছেদের পর বড় ভাই বলরাম ও বোন সুভদ্রাকে সঙ্গে নিয়ে শ্রীকৃষ্ণের এই বৃন্দাবন প্রত্যাবর্তন স্মরণে এই রথযাত্রা উৎসব আয়োজন করা হয় । রথযাত্রার দিন পুরীর জগন্নাথ মন্দির সহ দেশের সকল জগন্নাথ মন্দিরে জগন্নাথ, বলরাম, সুভদ্রা ও সুদর্শন চক্র মূর্তি মন্দির বাহিরে সর্বসমক্ষে আনা হয়। তারপর তিন জনকে আলাদা তিনটি সুসজ্জিত রথে বসিয়ে দেবতাদের পূজা সম্পন্ন করে রথ টানা হয়। পুরীর রথযাত্রা উৎসবে মূল দর্শনীয় এই সুসজ্জিত তিনটি রথ । রথ তিনটির আলাদা আলাদা বৈশিষ্ট্য রয়েছে। যাত্রার প্রথমে থাকে বড় ভাই বলরামের রথ। এই রথের নাম হল তালধ্বজ রথ। এতে মোট চোদ্দোটি চাকা আছে এর উচ্চতা চুয়াল্লিশ ফুট। রথটি নীল রঙ দ্বারা আবৃত। বলরামের পিছনে থাকে বোন সুভদ্রার রথ। এই রথের নাম হল দর্পদলন রথ। এতে মোট বারোটি চাকা আছে এর উচ্চতা তেতাল্লিশ ফুট । সুভদ্রার রথটি ধ্বজা বা পতাকায় পদ্মচিহ্ন আঁকা আছে তাই এই রথটির আরেক নাম হল পদ্মধ্বজ রথ । রথটি লাল রঙ দ্বারা আবৃত । সবার পিছনে থাকে শ্রী জগন্নাথদেবের রথ । এই রথের নাম হল নন্দীঘোষ রথ । পতাকায় কপিরাজ হনুমানের মূর্তি আঁকা আছে সেই জন্য এই রথের আরেক নাম হল কপিধ্বজ রথ । এই রথে মোট ষোলটি চাকা আছে প্রতিটি চাকার ব্যাস সাত ফুট এর উচ্চতা পঁয়তাল্লিশ ফুট। রথটি হলুদ রঙ দ্বারা আবৃত । তিনটি রথের রঙ ভিন্ন ভিন্ন হলেও প্রতিটি উপরিভাগের অংশ লাল রঙ দ্বারা আবৃত । রথযাত্রার মাহাত্ম্য সম্পর্কে কঠোপনিষদে বিশদভাবে আলোচনা করা হয়েছে । তাতে উল্লেখ আছে মানুষের দেহ হচ্ছে একটি রথ এবং ঈশ্বর হচ্ছেন তার সারথী, যিনি এই ভবসাগর পরিভ্রমণ পরিচালনা করেন। আত্মা হচ্ছে পরিভ্রমণকারী এবং দেহ তা ধারণ করে জন্ম থেকে জন্মান্তরে বিচরণ করেন । প্রাণশক্তি, পরধর্মসহিষ্ণুতা, আত্মসংযম, দয়া, দাক্ষিণ্য, সমতা, প্রশান্তিকে ধারণ করে যেই দেহধারী সঠিক পথ ধরে পরিক্রমা করতে পারে সেই রথ ঈশ্বরের নির্ধারিত আবাসস্থলে পৌঁছতে পারে এবং তার আর পুনর্জন্ম হয় না, বিষ্ণুলোকে বা নিত্যধামে গমন করে মহামিলনের মাধুরী আস্বাদন করতে পারবে, জীবন হবে ধন্য। এমন একটি আধ্যাত্মিক ভাবনা লালন করে রথযাত্রা উপলক্ষে লাখ লাখ সনাতন ধর্মাবলম্বী প্রভু জগন্নাথকে রথে আসীন অবস্থায় দর্শন করতে বা রথের রশি ধরতে গিয়ে প্রাণ বিসর্জনও দিতে কুণ্ঠাবোধ করে না । তাদের বিশ্বাস রথে আসীন জগন্নাথ প্রভুকে দর্শন করে পরম পুণ্য প্রাপ্তি হয়। শাস্ত্রে বলা হয়েছে, রথারূঢ় পরমেশ্বর ভগবান শ্রী জগন্নাথকে দর্শন করলে এই জড়জগতের জন্ম-মৃত্যুর আবদ্ধতা থেকে মুক্তি লাভ করা সম্ভব, সংস্কৃত ভাষায় রথ মানে গাড়ি এবং যাত্রা মানে মিছিল। ক্ষণিকের জন্য জগন্নাথদেবকে রথের উপর দর্শন করাকে বহু পুণ্য কর্মের ফল হিসেবে বিবেচনা করা হয়। এই অনুষ্ঠানটি এতই পবিত্র যে, কেউ যদি এই দিনে রথ স্পর্শ করেন অথবা এমনকী রথের দড়ি স্পর্শ করেন, তাহলে বহু পুণ্য কর্মের ফল লাভ করতে পারেন। কথিত রয়েছে রথযাত্রার দিন যদি রথের রশি ছোঁয়া যায়, তাহলে তাতে ১০০ যজ্ঞের সমান পূণ্য লাভ হয়। রথযাত্রায় যাঁরা অংশ নেন তাঁদের মোক্ষ লাভ হয় বলেও বর্ণিত রয়েছে। প্রতিবছর জগন্নাথদেবের রথযাত্রার উদ্বোধন করেন সেখানকার রাজা। রাজত্ব না থাকলেও বংশপরম্পরায় পুরীর রাজপরিবারের নিয়মানুযায়ী, যিনি রাজা উপাধিপ্রাপ্ত হন, তিনি জগন্নাথ, বলরাম ও সুভদ্রাদেবীর রথের সামনে এসে পুষ্পাঞ্জলি প্রদান ও সোনার ঝাড়ু দিয়ে রথের সম্মুখভাগে ঝাঁট দেওয়ার পরই রথের রশিতে টান পড়ে। শুরু হয় জগন্নাথদেবের রথযাত্রা। জগন্নাথদেবের রথের প্রতিটি অংশই অতি পবিত্র। কারণ তিনটি রথেই বিরাজ করেন তেত্রিশ কোটি দেবতা। তাই এই রথের রশি একটু স্পর্শ করা বা টানা মানে, এই তেত্রিশ কোটি দেবদেবীর চরণ স্পর্শ করা। উড়িষ্যার প্রাচীন পুঁথি 'ব্রহ্মাণ্ডপুরাণ' এ জগন্নাথদেবের রথযাত্রার ইতিহাস প্রসঙ্গে বলা হয়েছে যে, এই রথযাত্রার প্রচলন হয়েছিল প্রায় সত্যযুগে। সে সময় উড়িষ্যা মালবদেশ নামে পরিচিত ছিল। সেই মালবদেশের সূর্যবংশীয় পরম বিষ্ণুভক্ত রাজা ইন্দ্রদ্যুম্ন স্বপ্নাদিষ্ট হয়ে ভগবান বিষ্ণুর জগন্নাথরূপী মূর্তি নির্মাণ করেন এবং রথযাত্রারও স্বপ্নাদেশ পান। পরবর্তীতে তাঁর হাত ধরেই পুরীতে জগন্নাথ মন্দির নির্মাণ ও রথযাত্রার প্রচলন শুরু হয়। পুরাবিদদের মতানুযায়ী, পুরীর জগন্নাথদেবের রথযাত্রা থেকে বাংলায়ও রথযাত্রার সূচনা চৈতন্য মহাপ্রভু নীলাচল থেকে এই ধারাটি বাংলায় নিয়ে আসেন চৈতন্যভক্ত বৈষ্ণবরা বাংলায় পুরীর অনুকরণে রথযাত্রার প্রচলন করেন। এখন বাংলার বহু জায়গাতেই এই রথযাত্রা অত্যন্ত জনপ্রিয় রথ এসে পৌঁছায় মন্দিরের সামনের বড় রাস্তায়। পুরীর রাজা উত্তর দিকের পথ সোনার ঝাঁটা দিয়ে ঝাঁট দিয়ে দিলে রথ চলা শুরু হয়। প্রথমে রথ যায় গুণ্ডিচা মন্দির, গুণ্ডিচা ছিলেন দারুব্রহ্মের প্রতিষ্ঠাতা রাজা ইন্দ্রদ্যুম্নের স্ত্রী। সেখান থেকে মাসির বাড়ি। মোট পথ ২ কিমি। আবার উল্টো রথের দিন 'গোটে পাহাণ্ডি' প্রক্রিয়ায় গর্ভগৃহে এসে পৌঁছায় শ্রী জগন্নাথ, সুভদ্রা, বলরাম। রথের দিন প্রতিটি রথকে পঞ্চাশ গজ দড়িতে বেঁধে আলাদা আলাদা ভাবে টেনে নিয়ে যাওয়া হয় গুণ্ডিচাবাড়ি। রথ নির্মাণের জন্য কাঠের সংগ্রহ বসন্ত পঞ্চমীর দিন থেকেই শুরু হয়। রথের নির্মাণ অক্ষয় তৃতীয়া থেকে শুরু হয়। সেই কাঠ সংগ্রহ করা হয় মাঘ মাসের বসন্ত পঞ্চমী তিথিতে। আর সেই কাঠগুলি নির্দিষ্ট পরিমাণে কাটা শুরু হয় রামনবমী তিথি থেকে। রথগুলিতে অন্য কোনও ধাতু ব্যবহার করা হয় না। রথের পেরেকও তৈরি হয় কাঠ দিয়ে। ভগবান জগন্নাথ, ভগবান বলভদ্র এবং দেবী সুভদ্রা এই তিনটি দেবতাকে উৎসর্গিকৃত তিনটি রথ সম্পূর্ণ করতে প্রায় দুই মাস। দেবশিল্পী বিশ্বকর্মার তৈরি অসমাপ্ত মূর্তিই পরমেশ্বর শ্রী শ্রী জগন্নাথ, সুভদ্রা এবং বলরামের। কলির মানুষের দুঃখ কলঙ্ক পাপ মোচনকারী পরমেশ্বর শ্রী শ্রী জগন্নাথ সর্ব সাধারণের মাঝে, তাই মানুষের বিশ্বাস রথযাত্রা দর্শন করা এবং ভগবানের নাম করা এবং রথের রশি ধরলে পুনার্জন করা সম্ভব হয়।

## রথযাত্রা লোকারণ্য মহাধুমধাম...



**সুবল সরদার**

বাঙালির বারো মাসে তেরো পার্বণ। তার মধ্যে সবচেয়ে বড় দুটি উৎসব হল রথযাত্রা আর দুর্গাপুজো। কিন্তু ইতিহাস ঘাঁটলে দেখা যায়, এই দুটির মধ্যে রথযাত্রাই অনেক প্রাচীন।

রথযাত্রার মূল উৎস পুরীর জগন্নাথ মন্দির। জগন্নাথ, বলরাম ও সুভদ্রার এই রথ টানার উৎসবের উল্লেখ খ্রিস্টপূর্ব যুগেও পাওয়া যায়। পুরাণ, মহাভারত এমনকি বৌদ্ধ ও জৈন গ্রন্থেও ক্ষ্মজগন্নাথক্ষ্ম ও ক্ষ্মরথক্ষ্ম এর কথা আছে। তৃতীয় শতাব্দীতে রাজা ইন্দ্রদ্যুম্ন পুরীতে জগন্নাথ মন্দির প্রতিষ্ঠা করেন বলে মনে করা হয়। তারপর থেকে প্রতি বছর আষাঢ় মাসের শুক্লা দ্বিতীয়া তিথিতে এই রথযাত্রা হয়ে আসছে। অর্থাৎ প্রায় ২০০ বছরেরও বেশি পুরনো এই পরম্পরা। ভারতের বাইরে ইন্দোনেশিয়া, নেপালেও এর প্রভাব দেখা যায়। বাংলায় মাহেশের রথ, গুপ্তিপাড়ার রথ, ইস্কনের রথ ; সবই পুরীর আদলে। এবার দীঘার রথযাত্রা আকর্ষণের কেন্দ্রবিন্দু হয়ে উঠবে। আমাদের দক্ষিণ ২৪ পরগনায় বারুইপুর রাজবাড়ির রথ, ডায়মন্ড হারবারের মঠের রথ, মগরাহাটের রথযাত্রায় অগণিত ভক্তবৃন্দ মহাসাড়ম্বরে অংশ নেন।

অন্যদিকে ঐতিহ্যবাহী দুর্গাপুজো বৈদিক যুগে দুর্গার উপাসনা ছিল, তবে তা ছিল বসন্তকালীন ক্ষ্মবাসন্তী পুজোক্ষ্ম। শরৎকালের সাড়ম্বর দুর্গাপুজোর প্রচলন শুরু হয় মূলত মধ্যযুগে। সময়ের হিসেবে রথযাত্রা প্রায় দুই হাজার বছরের পুরনো, আর শারদীয়া দুর্গাপুজো চারশো-পাঁচশো বছরের। রথযাত্রা হল কৃষি-নির্ভর বাঙালি জীবনে বর্ষার আগমনী বার্তা। আষাঢ়ের বৃষ্টি, শ্যামল প্রকৃতি, আকন্দ-কৃষ্ণচূড়ার ফুল ; সব মিলিয়ে বর্ষার এটা প্রকৃতির উৎসব। আর দুর্গাপুজো হল শরতের নবান্নের উৎসব, বিজয়ের উৎসব, বাঙালির মিলন-মেলার উৎসব।

দুটোই বাঙালির প্রাণের সঙ্গে জড়িয়ে। রথ টানে ভক্ত, আর দুর্গা আসেন মায়ের মতো। দুটোই আমাদের পরম্পরা, দুটোই আমাদের অহংকার।

গ্রীষ্মের তপ্ত দহন পার হয়ে শীতল, ঘন শ্যামল হয়ে বাদল ধারায়, পূর্ণিমার চাঁদের মতো রথযাত্রা আসে। আনন্দ-উৎসবের মুখ রথযাত্রা। বর্ষার শ্যামল ধারায় ফোটে আকন্দ ফুল। কৃষ্ণচূড়ার শেষ পর্বে ফোটে কদম ফুল, রথযাত্রাকে স্বাগত জানাতে। মনে হয় শ্যাম তমাল-তরু-লতার মাঝে কদমের ডালে বসে শ্যাম বাজায় বাঁশি। শুধু রথযাত্রা নয়, রথযাত্রার মিলনের মধ্যে ভালোবাসার যাত্রা চলছে অনন্ত কালের পথ পরিক্রমায়।

জগন্নাথদেবের রথ ছুটে চলেছে দেশ হতে দেশে, কালোত্তীর্ণ হয়ে। আমার ইহজীবনে উত্তরণের পথে সেই রথের রশি একবার স্পর্শ করতে মন আকুল হয়। পার্থিব জীবনের সকল সুখের ঊর্ধ্বে মানসিক আনন্দে ভরে ওঠে। সকল দুঃখ-তাপ ভুলে যাই জগন্নাথদেবের রথের চাকায়, দড়ির স্পর্শে, ভক্তদের সমাগমে। রথযাত্রায় লোকারণ্য মহাধুমধাম - সে এক অভূতপূর্ব আনন্দ!

এমন দৃশ্য দেখতে হয়তো শ্রী শ্রী চৈতন্যদেব মহাপ্রভুও ছুটে গিয়েছিলেন নদীয়া থেকে শ্রীক্ষেত্রে। শ্রী শ্রী চৈতন্যদেব মহাপ্রভুর স্পর্শ পেয়ে জগন্নাথদেবের পুরীধাম পৃথিবীর একটি শ্রেষ্ঠ তীর্থস্থান হিসেবে মনে করেন ভক্তবৃন্দ। আমার বঙ্গে আছে মাহেশের রথ। সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের বর্ণনায় পাওয়া যায়।

রাধারাণীর দুঃখ-কষ্ট, তার মায়ের যন্ত্রণা... মেলায় আকন্দ ফুলের মালা বিক্রি। কিন্তু যখন মেলা জমে উঠেছে, হঠাৎ ঝড়-বৃষ্টিতে সব পণ্ড হয়ে যায়। তখন রাণীর চোখের জল দেখতে পান জগন্নাথদেব। জগন্নাথদেবের কৃপা পেয়ে সে ধন্য হয়। কোনো এক ধনী লোক তার সব মালা কিনে নেয় বেশি দামে।

জগন্নাথের কৃপা অসহায়, দুর্বল, আর্তের উপর বর্ষিত হয় ; যারা ভক্তিভরে তাঁর অনুসরণ করে। তিনিই তো জগন্নাথ, জগতের উদ্ধারকর্তা। তাঁর কৃপা ছাড়া এ পৃথিবী অচল, অসাড়। জয় জগন্নাথ।

## জগন্নাথ: বহুরূপে এক, ভারতীয় সমন্বয়বাদের চিরন্তন প্রতীক

**বিশ্বজিৎ বৈদ্য**



'একং সদ্ বিপ্রা বহুধা বদন্তি';ঋগ্বেদের (১.১৬৪.৪৬) এই মন্ত্রের অর্থ, সত্য এক, জ্ঞানীরা তাকে নানা নামে অভিহিত করেন। ভারতীয় ধর্মদর্শনের এই মৌলিক ধারণার সর্বাধিক জীবন্ত প্রতিফলন দেখা যায় পুরীর জগন্নাথ সংস্কৃতিতে। জগন্নাথদেব কেবল বৈষ্ণবদের উপাস্য নন; তিনি ভারতীয় সভ্যতার বহুত্ববাদ, সাংস্কৃতিক সমন্বয় এবং ধর্মীয় সহাবস্থানের এক অনন্য প্রতীক। তাঁর মধ্যে একই সঙ্গে কৃষ্ণ, বিষ্ণু, নৃসিংহ, রাম, গণেশ, শক্তি, এমনকি আদিবাসী ও বৌদ্ধ ঐতিহ্যের নানা স্তর মিলেমিশে এক বৃহত্তর সাংস্কৃতিক পরিচয় নির্মাণ করেছে।

জগন্নাথ উপাসনার উৎস নিয়ে পুরাণ, লোককথা এবং ইতিহাসে নানা ব্যাখ্যা রয়েছে। স্কন্দপুরাণের উৎকলখণ্ড, ব্রহ্মপুরাণ, পদ্মপুরাণ ও নারদপুরাণ-এ নীলমাধব থেকে জগন্নাথ প্রতিষ্ঠার কাহিনি বর্ণিত হয়েছে। শবর প্রধান বিশ্বাবসুর নীলমাধব উপাসনা, রাজা ইন্দ্রদ্যুম্নের মন্দির নির্মাণ এবং বিশ্বকর্মার অসম্পূর্ণ মূর্তি নির্মাণের কিংবদন্তি ভারতীয় ধর্মীয় কল্পনার এক গুরুত্বপূর্ণ অংশ। তবে আধুনিক ইতিহাসবিদেরা এই কাহিনিকে কেবল অলৌকিক আখ্যান হিসেবে দেখেন না; তাঁরা এর মধ্যে সাংস্কৃতিক বিবর্তনের ইতিহাসও খুঁজে পান।

জার্মান ইতিহাসবিদ হারম্যান কুলকে তাঁর গবেষণায় দেখিয়েছেন যে, জগন্নাথ সংস্কৃতি মূলত বিভিন্ন ধর্মীয় ও সামাজিক ঐতিহ্যের দীর্ঘ সমন্বয়ের ফল। ওড়িশার ইতিহাসবিদ ড. হরেকৃষ্ণ মহতাব জগন্নাথকে ভারতের 'জাতীয় দেবতা' বলে অভিহিত করেছিলেন। তাঁর মতে, জগন্নাথ এমন এক সাংস্কৃতিক প্রতীক, যিনি আঞ্চলিক পরিচয় অতিক্রম করে সমগ্র ভারতীয় সমাজকে এক সূত্রে বেঁধেছেন। ইতিহাসবিদ এন. কে. সাহু এবং গয়া চরণ ত্রিপাঠী-র গবেষণাতেও দেখা যায়, শবর জনগোষ্ঠীর কাঠের দেবতা উপাসনা, বৈদিক ধর্ম, পুরাণ, তন্ত্র, বৈষ্ণব ভক্তিবাদ এবং রাজশক্তির পৃষ্ঠপোষকতা;সব মিলিয়ে জগন্নাথ সংস্কৃতির বিকাশ ঘটেছে।

জগন্নাথদেবের কাঠের মূর্তি ভারতীয় মূর্তিশিল্পে এক ব্যতিক্রম। অসম্পূর্ণ হাত-পা, বিশাল চক্ষু এবং অপ্রচলিত আকৃতি তাঁকে অন্যান্য দেবমূর্তি থেকে পৃথক করেছে। বহু গবেষকের মতে, এই অসম্পূর্ণতা কোনো ত্রুটি নয়; বরং এটি একটি গভীর দার্শনিক প্রতীক। ঈশ্বরকে কোনো নির্দিষ্ট আকার বা সীমার মধ্যে আবদ্ধ করা যায় না। তিনি সীমাবদ্ধ রূপেরও ঊর্ধ্বে। এই ভাবনা উপনিষদের 'নেতি, নেতি' দর্শনের সঙ্গেও সাযুজ্যপূর্ণ।

জগন্নাথ সংস্কৃতির সবচেয়ে আকর্ষণীয় বৈশিষ্ট্য তাঁর বিভিন্ন 'বেশ'। প্রচলিত মতে, বছরে প্রায় ৩২টি প্রধান বেশ পালিত হয়। প্রতিটি বেশ একটি নির্দিষ্ট ধর্মতাত্ত্বিক বা সাংস্কৃতিক বক্তব্য বহন করে। স্নানযাত্রায় জগন্নাথ, বলভদ্র ও সুভদ্রাকে গজানন (হাতি) বেশে অলঙ্কৃত করা হয়। এই রূপকে অনেকেই গণেশতত্ত্বের প্রতীক হিসেবে ব্যাখ্যা করেন। আবার দুর্গাষ্টমীতে পালিত দুর্গা-মাধব বেশ শক্তি ও বিষ্ণুতত্ত্বের সমন্বয়কে তুলে ধরে। নৃসিংহ বেশ, পরশুরাম বেশ, রঘুনাথ (রাম) বেশ, বামন বেশ, কালীয়দমন বেশ, পদ্মবেশ, সোনা বেশ, রাজাধিরাজ বেশ;প্রতিটি ভারতীয় ধর্মীয় ঐতিহ্যের এক একটি অধ্যায়কে জীবন্ত করে তোলে।বিশেষভাবে উল্লেখযোগ্য নাগার্জুন বেশ। এটি প্রতিবছর অনুষ্ঠিত হয় না; নির্দিষ্ট পঞ্জিকাগত অবস্থায় এই বিরল বেশ পালিত হয়। এ নিয়ে নানা মত রয়েছে। কেউ একে বৌদ্ধ দার্শনিক নাগার্জুনের স্মৃতির সঙ্গে যুক্ত করেন, আবার কেউ মহাভারতের বীরোচিত ঐতিহ্যের সঙ্গে এর সম্পর্ক দেখান। মতভেদ থাকলেও একটি বিষয় স্পষ্ট;জগন্নাথ সংস্কৃতি সর্বদাই বহুমাত্রিক ব্যাখ্যার জন্য উন্মুক্ত থেকেছে।

রথযাত্রা জগন্নাথ দর্শনের সবচেয়ে শক্তিশালী সামাজিক প্রতীক। বছরে একবার দেবতা নিজেই মন্দিরের গর্ভগৃহ ছেড়ে সাধারণ মানুষের মধ্যে আসেন। ধর্মতাত্ত্বিকরা বলেন, এটি ঈশ্বরের মানুষের কাছে আগমন; সমাজবিজ্ঞানীরা বলেন, এটি সামাজিক অন্তর্ভুক্তির এক অসাধারণ উদাহরণ। রথের দড়ি টানতে রাজা, সাধারণ মানুষ, ধনী, দরিদ্র, নানা বর্ণ ও সম্প্রদায়ের মানুষ একসঙ্গে অংশ নেন। এই দৃশ্য ভারতীয় সমাজে সমতা ও অংশগ্রহণের এক শক্তিশালী প্রতীক।

শ্রীচৈতন্য মহাপ্রভুর আগমনের পর জগন্নাথ সংস্কৃতি নতুন মাত্রা লাভ করে। তাঁর কাছে জগন্নাথ ছিলেন প্রেমময় কৃষ্ণ। কিন্তু চৈতন্যীয় বৈষ্ণবধারাও জগন্নাথের সমন্বয়বাদী চরিত্রকে অস্বীকার করেনি। বরং জগন্নাথকে সর্বজনীন প্রেম, ভক্তি ও মানবতার কেন্দ্র হিসেবে প্রতিষ্ঠা করেছে। এই কারণেই জগন্নাথ ভক্তি ভাষা, জাতি ও প্রাদেশিকতার সীমানা অতিক্রম করে সমগ্র ভারতবর্ষে ছড়িয়ে পড়ে।

রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর 'ভারততীর্থ' কবিতায় ভারতের যে মিলনধর্মী সভ্যতার কথা বলেছেন, তার সঙ্গে জগন্নাথ সংস্কৃতির গভীর সাদৃশ্য রয়েছে। যদিও রবীন্দ্রনাথ জগন্নাথের বিভিন্ন বেশ নিয়ে আলাদা আলোচনা করেননি, তাঁর দর্শন স্পষ্ট করে যে ভারতের প্রকৃত শক্তি বহুত্বের মধ্যে ঐক্যে। সেই একই আদর্শ জগন্নাথ সংস্কৃতির প্রতিটি আচার ও উৎসবে প্রতিফলিত হয়।

আজকের বিশ্বে ধর্মীয় অসহিষ্ণুতা, পরিচয়-রাজনীতি এবং সামাজিক বিভাজন যখন ক্রমশ তীব্র হচ্ছে, তখন জগন্নাথের দর্শন নতুন করে প্রাসঙ্গিক হয়ে উঠেছে। তাঁর ৩২টি বেশ আমাদের শেখায়;ঈশ্বরের প্রকাশ কখনও একমাত্রিক নয়। ভিন্ন বিশ্বাস, ভিন্ন সংস্কৃতি এবং ভিন্ন আচার একই মানবিক সত্যের দিকে নিয়ে যেতে পারে। এই শিক্ষা শুধু ধর্মীয় নয়; এটি গণতন্ত্র, বহুত্ববাদ এবং সাংস্কৃতিক সহাবস্থানেরও শিক্ষা।

ভারতীয় সংবিধান যে ধর্মনিরপেক্ষতা, বৈচিত্র্যের প্রতি সম্মান এবং সমঅধিকারের কথা বলে, জগন্নাথ সংস্কৃতি বহু শতাব্দী আগে থেকেই সেই মূল্যবোধের সাংস্কৃতিক ভিত্তি নির্মাণ করেছে। তাঁর রথের দড়ি টানার অধিকার কোনো এক সম্প্রদায়ের একচেটিয়া নয়; তাঁর প্রসাদ 'মহাপ্রসাদ' সকলের জন্য; তাঁর মন্দিরকে ঘিরে গড়ে ওঠা আচার-অনুষ্ঠানও নানা সামাজিক গোষ্ঠীর অংশগ্রহণে সম্পূর্ণ হয়। এই অন্তর্ভুক্তিমূলক চরিত্রই জগন্নাথকে অন্য অনেক উপাসনা-পরম্পরা থেকে স্বতন্ত্র করে।

জগন্নাথ তাই কেবল একটি দেবমূর্তি নন; তিনি ভারতীয় সভ্যতার সাংস্কৃতিক আত্মপরিচয়ের এক জীবন্ত প্রতীক। তাঁর বহুরূপী বেশ আমাদের মনে করিয়ে দেয় যে ঐক্য মানে একরূপতা নয়; বরং নানা পথ, নানা মত, নানা বিশ্বাস এবং নানা সংস্কৃতিকে সম্মান জানিয়েই প্রকৃত ঐক্য গড়ে ওঠে। আজ যখন সমাজ বিভাজনের নানা সংকটে আক্রান্ত, তখন পুরীর জগন্নাথ আমাদের নতুন করে শেখান; সহাবস্থানই সভ্যতার শক্তি, সমন্বয়ই ভারতের প্রকৃত পরিচয়। সেই কারণেই জগন্নাথ কেবল পুরীর নন, তিনি সমগ্র ভারতের; কেবল ধর্মের নন, তিনি সংস্কৃতির; কেবল অতীতের নন, তিনি ভবিষ্যতেরও এক আলোকবর্তিকা।

## কামদুনি মামলার পুনর্তদন্তের আর্জি

# ‘জনতার দরবারে’ মুখ্যমন্ত্রীর দ্বারস্থ নির্যাতিতার পরিবার



**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** ২০১৩ সালের কামদুনি গণধর্ষণ ও খুনের ঘটনায় ফের নতুন করে তদন্তের দাবি তুললেন নির্যাতিতার পরিবারের সদস্যরা। বুধবার মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর ‘জনতার দরবারে’ গিয়ে তাঁরা মামলাটি পুনরায় খোলার আবেদন জানান। পরিবারের বক্তব্য, দীর্ঘ আইনি লড়াইয়ের পরও প্রকৃত বিচার এখনও অধরাই থেকে গিয়েছে। নির্যাতিতা পরিবারের সদস্যদের অভিযোগ, মামলার একাধিক গুরুত্বপূর্ণ দিক এখনও স্পষ্ট হয়নি। তাঁদের দাবি, ঘটনার সম্পূর্ণ সত্য সামনে আনতে নতুন করে তদন্ত হওয়া প্রয়োজন। তাঁদের কথায়, এত বছর কেটে গেলেও আমরা প্রকৃত বিচার পাইনি। সত্যিটা সামনে আসুক, দোষীরা যেন উপযুক্ত শাস্তি পায়। তাই মামলাটি নতুন করে তদন্ত করা হোক। কামদুনি মামলায় প্রথমে নিম্ন আদালত ছয় অভিযুক্তকে দোষী সাব্যস্ত করেছিল। সেই রায়ে তিন জনের মৃত্যুদণ্ড এবং বাকি তিন জনের যাবজ্জীবন কারাদণ্ডের নির্দেশ দেওয়া হয়েছিল। পরে ২০২৩ সালে কলকাতা হাইকোর্ট ওই রায়ে পরিবর্তন আনে। প্রধান অভিযুক্ত আনসার আলির মৃত্যুদণ্ড কমিয়ে যাবজ্জীবন কারাদণ্ড দেওয়া হয়। পাশাপাশি আরও তিন অভিযুক্তকে খালাস দেওয়া হয়। হাইকোর্টের ওই রায়ের পর থেকেই নির্যাতিতার পরিবার ও এলাকার বাসিন্দাদের একাংশের মধ্যে অসন্তোষ তৈরি হয়। তাঁদের দাবি, মামলার সব দিক যথাযথভাবে খতিয়ে দেখা হয়নি। সেই কারণেই এবার মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ চেয়ে পুনর্তদন্তের আবেদন জানানো হয়েছে। পরিবারের আশা, নতুন সরকারের উদ্যোগে যদি নতুন করে তদন্ত শুরু হয়, তবে ঘটনার সমস্ত সত্য সামনে আসবে এবং যাঁরা প্রকৃত অপরাধী, তাঁদের বিরুদ্ধে উপযুক্ত আইনি ব্যবস্থা নেওয়া সম্ভব হবে।

# ভারত-যুক্তরাজ্য বাণিজ্য চুক্তির অধীনে কলকাতা থেকে প্রথম গয়না রপ্তানি

## নতুন সম্ভাবনার বার্তা শিল্পমন্ত্রীর



**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** ভারত-যুক্তরাজ্য সমন্বিত অর্থনৈতিক ও বাণিজ্য চুক্তি (সিইটিএ) কার্যকর হওয়ার পর প্রথমবার কলকাতা থেকে যুক্তরাজ্যের উদ্দেশে গয়নার রপ্তানি শুরু হল। বুধবার কলকাতা এয়ার কার্গো কমপ্লেক্স থেকে এই ঐতিহাসিক রপ্তানির সূচনা করা হয়। এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের শিল্প ও বাণিজ্যমন্ত্রী তাপস রায়, কেন্দ্রীয় শুল্ক দপ্তর, ডিরেক্টর জেনারেল অফ ফরেন ট্রেড (ডিজিএফটি), ব্রিটিশ ডেপুটি হাইকমিশন এবং জেম অ্যান্ড জুয়েলারি এক্সপোর্ট প্রোমোশন কাউন্সিল (জিজেইপিসি)-র প্রতিনিধিরা। দেশজুড়ে প্রায় ১০ মিলিয়ন মার্কিন ডলারের প্রথম রপ্তানি চালানের অংশ হিসেবে কলকাতার ছয়টি সংস্থা সোনা, হিরে, রুপো ও প্ল্যাটিনামের গয়না যুক্তরাজ্যে পাঠাচ্ছে।

বুধবার এই অনুষ্ঠানে অংশ নিয়ে রাজ্যের শিল্পমন্ত্রী তাপস রায় বলেন, কলকাতা থেকে এই প্রথম যুক্তরাজ্যে সোনার গয়না রপ্তানি হচ্ছে। প্রায় ২.৭ বিলিয়ন টাকার গয়না বিদেশে পাঠানো হচ্ছে। পাশাপাশি বিট, করলা পাতা, ভাজা কফি, দার্জিলিং চা, ব্ল্যাক টি-সহ একাধিক কৃষিপণ্যও রপ্তানি করা হবে। তিনি আরও বলেন, ‘বিকশিত ভারত’ এবং ‘বিকশিত পশ্চিমবঙ্গ’-এর লক্ষ্য পূরণে এই উদ্যোগ অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং কেন্দ্রীয় বাণিজ্যমন্ত্রী পীযূষ গেয়ালের সহযোগিতায় এই নতুন অধ্যায়ের সূচনা সম্ভব হয়েছে। পাশাপাশি রাজ্যের শিল্পনীতি প্রসঙ্গেও মন্ত্রী বলেন, আগে শিল্প গড়ে ওঠার জন্য প্রয়োজনীয় নীতি, জমির ভাণ্ডার, শিল্পবান্ধব পরিবেশ বা ব্যবসা সহজ করার ব্যবস্থা ছিল না। এখন সেই পরিস্থিতি বদলেছে। তাই শিল্প ও রপ্তানির নতুন সুযোগ তৈরি হচ্ছে। বুধবারের অনুষ্ঠানে জিজেইপিসি-র চেয়ারম্যান কিরিট ভনশালি বলেন, সিইটিএ কার্যকর হওয়ায় যুক্তরাজ্যে ভারতীয় গয়নার উপর সর্বোচ্চ ৪ শতাংশ আমদানি শুল্ক উঠে যাচ্ছে। ফলে আগামী তিনবছরে যুক্তরাজ্যে ভারতের গয়না রপ্তানি প্রায় ৭৫৪ মিলিয়ন মার্কিন ডলার থেকে ২.৫ বিলিয়ন মার্কিন ডলারে পৌঁছতে পারে। এতে রপ্তানিকারক, ক্ষুদ্র শিল্প, কারিগর ও ডিজাইনাররা সবচেয়ে বেশি লাভবান হবেন। এছাড়াও জিজেইপিসি-র পূর্বাঞ্চলের চেয়ারম্যান পঙ্কজ পারেখের মতে, কলকাতার ঐতিহ্যবাহী গয়না শিল্প এই চুক্তির অন্যতম বড় সুবিধাভোগী হবে। আন্তর্জাতিক বাজারে বাংলার কারিগরদের দক্ষতা আরও বিস্তৃত পরিসরে পৌঁছনোর সুযোগ তৈরি হয়েছে। শিল্পমহলের মতে, শুল্কমুক্ত প্রবেশাধিকার কার্যকর হওয়ায় পশ্চিমবঙ্গের গয়না শিল্পে নতুন বিনিয়োগ, কর্মসংস্থান এবং রপ্তানির সম্ভাবনা উল্লেখযোগ্যভাবে বাড়বে।

# অমিত শাহের উপস্থিতিতে দিল্লি এমসিডি-এনডিডিবির মউ স্বাক্ষর



**নয়াদিল্লি, ১৫ জুলাই:** দিল্লিতে গবাদি পশুর গোবরের বৈজ্ঞানিক ব্যবহারের মাধ্যমে ‘কম্প্রেসড বায়ো-গ্যাস’ প্ল্যান্ট স্থাপনের লক্ষ্যে বুধবার নতুন দিল্লিতে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের উপস্থিতিতে দিল্লি মিউনিসিপ্যাল কর্পোরেশন এবং ন্যাশনাল ডেয়ারি ডেভেলপমেন্ট বোর্ডের মধ্যে সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এই উদ্যোগের উদ্দেশ্য হল শহরের দুগ্ধখামার বা ডেয়ারিগুলি থেকে নির্গত বর্জ্য যাতে যমুনা নদীতে না-মিশতে পারে, তা নিশ্চিত করা। এর পরিবর্তে, এই বর্জ্যকে বায়োগ্যাস ও জৈব সারে রূপান্তর করা হবে। ন্যাশনাল ডেয়ারি ডেভেলপমেন্ট বোর্ডের মডেল অনুযায়ী, ডেয়ারি ও গোশালাগুলি থেকে গোবর সরাসরি গ্যাস ও সার উৎপাদন কেন্দ্রে নিয়ে যাওয়া হবে এবং একই সঙ্গে যমুনা নদীর তীরবর্তী এলাকার বর্জ্যের বৈজ্ঞানিক ব্যবস্থাপনাও নিশ্চিত করা হবে। এই অনুষ্ঠানে দিল্লির লেফটেন্যান্ট গভর্নর তরণজিৎ সিং সান্ধু, কেন্দ্রীয় মৎস্য, পশুপালন ও দুগ্ধশিল্প মন্ত্রী রাজীব রঞ্জন সিং (লালন সিং), দিল্লির মুখ্যমন্ত্রী রেখা গুপ্তা এবং উর্ধ্বতন আধিকারিকরা উপস্থিত ছিলেন।

বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন
৯৮৩১৯১৯৭৯১


**NOTICE INVITING Item Rate e-Tender**
**Reference No 1442/BDO/KDP/2026-27. Dated-14/07/2026**
Item rate e-Tender for various types of materials supply to the worksite at different Gram Panchayats under Kakdwip Development Block. Fund-VBGRAMG
Look for detail you may visit and office notice board & **https://wbtenders.gov.in**
**Sd/-**
**Block Development Officer**
**Kakdwip Development Block**
**Kakdwip, South 24 Parganas.**

# চুক্তির মেয়াদ বাড়ানোয় কড়াকড়ি, সব দপ্তরে নতুন টেন্ডার বাধ্যতামূলক করল রাজ্য সরকার

**নিজস্ব প্রতিবেদন, কলকাত:**া রাজ্য সরকারের বিভিন্ন দপ্তর, পুরসভা এবং সরকারি সংস্থায় বেসরকারি এজেন্সির চুক্তির মেয়াদ বাড়ানোর ক্ষেত্রে এবার কড়া অবস্থান নিল নবান্ন। অর্থ দপ্তরের অনুমতি ছাড়া বা সময়মতো নতুন টেন্ডার না ডেকে চুক্তির মেয়াদ বাড়ানোর প্রবণতা বন্ধ করতে বিস্তারিত নির্দেশিকা জারি করেছেন মুখ্যসচিব মনোজ আগরওয়াল। নির্দেশিকায় স্পষ্ট বলা হয়েছে, এই ধরনের কাজ সরকারি আর্থিক শৃঙ্খলা ভঙ্গ করে এবং স্বচ্ছ ও প্রতিযোগিতামূলক টেন্ডার প্রক্রিয়াকে ক্ষতিগ্রস্ত করে। নতুন নির্দেশ অনুযায়ী, কোনও সংস্থার সঙ্গে বিদ্যমান চুক্তির মেয়াদ শেষ হওয়ার অন্তত তিনমাস আগে থেকেই নতুন টেন্ডার ডাকার প্রক্রিয়া শুরু করতে হবে। প্রতিটি দপ্তরের প্রধানকে প্রতি মাসে সংশ্লিষ্ট চুক্তিগুলি পর্যালোচনা করে তার তালিকা অর্থদপ্তরে পাঠানোর নির্দেশ দেওয়া হয়েছে। এর উদ্দেশ্য, কোনও পরিষেবায় যাতে চুক্তির মেয়াদ শেষ হওয়ার কারণে প্রশাসনিক কাজ ব্যাহত না হয় এবং একইসঙ্গে স্বচ্ছ প্রতিযোগিতার মাধ্যমে নতুন সংস্থা নির্বাচিত করা যায়। সবচেয়ে তাৎপর্যপূর্ণ বিষয় হল, বিদ্যমান কোনও চুক্তির মেয়াদ বৃদ্ধি বা নবীকরণের প্রস্তাব কোনও অবস্থাতেই গ্রহণ করা হবে না বলে স্পষ্ট জানিয়ে দিয়েছে নবান্ন। সময়মতো টেন্ডার না ডাকার অজুহাতও গ্রহণযোগ্য হবে না। অর্থাৎ, চুক্তি শেষ হয়ে যাওয়ার পরে পুরনো সংস্থাকেই বাড়তি সময় দিয়ে কাজ চালিয়ে যাওয়ার যে প্রচলিত রীতি ছিল, তা কার্যত বন্ধ করে দেওয়া হল। নির্দেশিকায় আরও বলা হয়েছে, অনুমতি ছাড়া চুক্তির মেয়াদ বাড়ানো কিংবা নতুন টেন্ডার আহ্বানে অযথা বিলম্বকে গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে বিবেচনা করা হবে। এ ধরনের ক্ষেত্রে সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। এই নির্দেশ কেবল সচিবালয়ের বিভিন্ন দপ্তরের জন্য নয়। রাজ্যের সব সরকারি দপ্তর, পুরসভা, রাষ্ট্রায়ত্ত সংস্থা, বিধিবদ্ধ সংস্থা এবং অন্যান্য সরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রেও তা সমানভাবে প্রযোজ্য হবে। সংশ্লিষ্ট দপ্তর বা সংস্থার প্রধানকেই নিশ্চিত করতে হবে যে নির্দেশ কঠোরভাবে মানা হচ্ছে।

**Durgapur Municipal Corporation**
City Centre, Durgapur - 713216, Dist.- Paschim Bardhaman
**Notice Inviting e-Tender**
**1) Name of the Work:** Repairing of Bituminous Roads from Sashan Kali Temple to Ghosh Market, and Improvement of Road Side Drains at Post Office to Ghosh Market Connecting within Ward No.- 28, under DMC.
e-Tender No. : WBDMC/COMM/PW/NIT-332/25-26 (2nd Call)
Tender ID : 2026_MAD_5016853_1 • Estimated Amount : 48,51,592/-
**2) Name of the Work:** Repairing of Bituminous Road from Main Road to Ajay Dhara House, Ajay Dhara House to Hanuman Mandir, Ajay Dhara House to Jana Kalyan Samity at Nabawaria, within Ward No.- 32, under DMC area.
e-Tender No. : WBDMC/COMM/PW/NIT-034/26-27
Tender ID : 2026_MAD_5016893_1 • Estimated Amount : 13,95,916/-
**3) Name of the Work:** Bituminous Road from JTS Marriage Hall to Jhumi Jhilik House, from Shankar Maitra's House to Ramananda Mondal's House, from Ramananda Mondal's House to Kumkum Chowdhury's House, near Durgapur Podokhep Society School, from Rammadhar Shaw's House to Raju Nayak's House and from Pilta Sil's House to Joba Biswas's House at Milanpally H Block, Ward No.- 11, under DMC.
e-Tender No. : WBDMC/COMM/PW/NIT-297/25-26 (2nd Call)
Tender ID : 2026_MAD_5016900_1 • Estimated Amount : 20,01,584/-
**Last Date : 31st July 2026, up to 05:00 pm**
For details : tenders.wb.gov.in
**Sd/- Executive Engineer**
**Durgapur Municipal Corporation**

# দুর্নীতি, হুমকি-সহ একাধিক অভিযোগে ধৃত নৈহাটির প্রাক্তন পুরপ্রধান



**নিজস্ব প্রতিবেদন, ব্যারাকপুর:** দুর্নীতি, তোলাবাজি, ভয় দেখানো, হুমকি, বলপ্রয়োগ, সম্পত্তি দখল, নারীদের প্রতি অশালীন আচরণ-সহ একাধিক অভিযোগে ধৃত নৈহাটির প্রাক্তন পুরপ্রধান অশোক চট্টোপাধ্যায়। বুধবার সকালে নিজের বাড়ি থেকে নৈহাটি থানার পুলিশ প্রাক্তন পুরপ্রধান অশোক চট্টোপাধ্যায়কে গ্রেপ্তার করেছে। ধৃত প্রাক্তন পুরপ্রধান তৃণমূল সাংসদ পার্থ ভৌমিকের অত্যন্ত ঘনিষ্ঠ হিসেবে পরিচিত। প্রসঙ্গত, চলতি বছরের গত ১৬ জুন ভারতীয় ন্যায় সংহিতার একাধিক জামিন অযোগ্য ধারায় মামলা দায়ের হয়েছিল নৈহাটির প্রাক্তন পুরপ্রধান অশোক চট্টোপাধ্যায় ও তাঁর পুত্র তৃণমূল যুব নেতা অভিজিৎ চট্টোপাধ্যায়ের বিরুদ্ধে। কয়েকদিন আগে পুলিশ প্রাক্তন পুরপ্রধানের পুত্র অভিজিৎ চট্টোপাধ্যায়কে গ্রেপ্তার করেছে। পুত্র গ্রেপ্তারির পর অবশেষে পুলিশের জালে নৈহাটির প্রাক্তন পুরপ্রধান অশোক চট্টোপাধ্যায়। নৈহাটির বড় কালী পূজা সমিতি ট্রাস্টের আর্থিক তছরুপের অভিযোগও উঠেছে ধৃতের বিরুদ্ধে। যদিও ধৃত অশোক চট্টোপাধ্যায় জানান, তিনি ১১ বছর নৈহাটি পুরসভার পুরপ্রধান ছিলেন। মানুষকে তিনি পরিষেবা দিয়েছেন, হয়তো কোনও অন্যায় কিংবা ভুল হয়েছে সেই কারণেই তাঁকে পুলিশ ধরেছে। বড়মার কমিটির আর্থিক তছরুপ নিয়ে তাঁর দাবি, দুর্নীতির বিষয়ে বড়মা কমিটি জবাব দেবে। তাঁর সাফ জবাব, তিনি দুর্নীতির সঙ্গে কোনওভাবেই যুক্ত নন। তবে পুলিশ ধৃতকে নিজেদের হেপাজতে নিয়ে প্রতিটি অভিযোগ খতিয়ে দেখবে।

**TENDER**
E- Tenders are invited by the Prodhan, Rahamatpur Gram Panchayat (Under Karimpur-II Panchayat Samity), Goas, Nadia. **NIET NO- RGP/01/15th FC UN-TIED/2026-27**, Last date of submission **21.07.2026 up to 2.30p.m.** visit **www.wbtenders.gov.in.**
For details please contact to the office.
**Sd/- Prodhan,**
**Rahamatpur Gram Panchayat.**

Tender is invited by the undersigned for the work “Urgent dismantling, shifting, re-installation, testing & commissioning of 33 KV/415 V, 1600 KVA Power Transformer in connection with repair/reconstruction of the damaged floor at Khadya Bhavan Campus, 11A, Mirza Ghalib Street, Kolkata – 700087’’. Tender No: **17/IR/T/KCED/I of 2026-27**. Bid Submission end date Upto 02.00 PM on 17/07/2026. Website: **http://www.pwdwb.in** for details contact at the office of the undersigned. Corrigendum if any will be published only the said website
**Sd/- B. Mandal**
**Executive Engineer, PWD**
**Kolkata Central Electrical Division**

**GOVERNMENT OF WEST BENGAL**
E- tenders are hereby invited for (1) Lifting & carrying rice from FCI/CPC godowns to 23 ICDS project godowns under Paschim Medinipur district) and (2) Project Level ‘Storing-cum-carrying of foodstuff & other articles for 23 nos. of ICDS Projects vide Tender Notice **No. 306/ICDS dt. 07.07.2026 & 307/ICDS dt. 07.07.2026** respectively)
**Closing date is 04 .08.2026**
See website: **https://wbtenders.gov.in** & **https://www.paschimmedinipur.gov.in**
**Sd/- DPO (ICDS)**
**Paschim Medinipur**
**Memo no- 523(3)/Advt./ICA/ Paschim Medinipur, Dated- 15.07.2026**

**পূর্ব রেলওয়ে**
**নিলাম আহ্বায়ক বিজ্ঞপ্তি**
ডিভিসনাল রেলওয়ে ম্যানেজার (কমার্শিয়াল), পূর্ব রেলওয়ে, হাওড়া, নিউ ডিআরএম বিল্ডিং, রেলওয়ে মিউজিয়ামের নিকটে, হাওড়া-৭১১১০১ কর্তৃক ০৫ বছরের মেয়াদের জন্য হাওড়া ডিভিসনের স্টেশনগুলিতে ০৫টি ক্যান্টিনের মাধ্যমে ক্যাটারিং পরিষেবার ব্যবস্থা করতে ই-নিলাম আহ্বান করা হচ্ছে। আরও তথ্যের জন্য **www.ireps.gov.in**-এর ই-অকশন লিজিং মডিউল দেখুন। **অকশন ক্যাটালগ নং ঃ ক্যান্টিন-জুলাই-২০। এসইকিউ নং, লট নং/বিভাগ এবং বিবরণ** নিম্নরূপ ঃ **এএ/১, এমএসএস-এইচডব্লুএইচ-এইচপিএল-এসটিজিইএন- ৯৫-২৬-১, (বিবিধ-স্থায়ী-পরিষেবা-স্থায়ী সাধারণ)।** ০৫ বছরের জন্য ক্যান্টিন নির্মাণ, পরিচালনা এবং রক্ষণাবেক্ষণ (হরিপাল স্টেশন চতুস্পার্শ্বস্থ এলাকা)। **বন্ধের তারিখ/সময়ঃ** ২৮.০৭.২০২৬ দুপুর ১টা ৩০ মিনিট। **এএ/২, এমএসএস-এইচডব্লুএইচ-এনকেএল- এসটিজিইএন-৯৪-২৬-১, (বিবিধ-স্থায়ী-পরিষেবা-স্থায়ী সাধারণ)।** ০৫ বছরের জন্য ক্যান্টিন নির্মাণ, পরিচালনা এবং রক্ষণাবেক্ষণ (নালিকুল স্টেশন চতুস্পার্শ্বস্থ এলাকা)। **এএ/৩, এমএসএস-এইচডব্লুএইচ-এজেড-এসটিজিইএন-৯১-২৬-১, (বিবিধ-স্থায়ী-পরিষেবা-স্থায়ী সাধারণ)।** ০৫ বছরের জন্য ক্যান্টিন নির্মাণ, পরিচালনা এবং রক্ষণাবেক্ষণ (আজিমগঞ্জ স্টেশন পার্কিং-এর পাশে)। **বন্ধের তারিখ/সময়ঃ** ২৮.০৭.২০২৬ দুপুর ১টা ৫০ মিনিট। **এএ/৪, এমএসএস-এইচডব্লুএইচ-এএমবিজি-এসটিজিইএন-৯৩-২৬-১, (বিবিধ-স্থায়ী-পরিষেবা-স্থায়ী সাধারণ)।** ০৫ বছরের জন্য ক্যান্টিন নির্মাণ, পরিচালনা এবং রক্ষণাবেক্ষণ (আরামবাগ স্টেশন চতুস্পার্শ্বস্থ এলাকা)। **বন্ধের তারিখ/সময়ঃ** ২৮.০৭.২০২৬ দুপুর ২টো। **এএ/৫, এমএসএস-এইচডব্লুএইচ- কেকিউইউ- এসটিজিইএন-৮৬-২৬-১, (বিবিধ-স্থায়ী-পরিষেবা-স্থায়ী সাধারণ)।** ০৫ বছরের জন্য ক্যান্টিন নির্মাণ, পরিচালনা এবং রক্ষণাবেক্ষণ (কামারকুন্ডু স্টেশন)। **বন্ধের তারিখ/সময়ঃ** ২৮.০৭.২০২৬ দুপুর ২টো ১০ মিনিট। **দর হার ঃ** বার্ষিক লাইসেন্সিং ফি (এএ/১ থেকে এএ/৫ প্রতিক্ষেত্রে)। **ন্যূনতম বৃদ্ধি (%)** ঃ ০.২ (এএ/১ থেকে এএ/৫ প্রতিক্ষেত্রে)। **প্রদেয় বায়না অর্থ ঃ** ১০% (এএ/১ থেকে এএ/৫ প্রতিক্ষেত্রে)।
HWH-218/2026-27
টেন্ডার বিজ্ঞপ্তি পূর্ব রেলওয়ের ওয়েবসাইট www.er.indianrailways.gov.in/www.ireps.gov.in-এও পাওয়া যাবে।
আমাদের অনুসরণ করুন ঃ @EasternRailway @easternrailwayheadquarter

# দেশের সবচেয়ে বড় পরমাণু কেন্দ্রের গোপন ফাইল ফাঁস হল ডার্কওয়েবে

**১৫ জুলাই:** ভারতের বৃহত্তম পরমাণু বিদ্যুৎকেন্দ্র কুডনকুলমের সঙ্গে সম্পর্কিত প্রায় ১৯,০০০টি অত্যন্ত সংবেদনশীল ফাইল ফাঁস করল ‘ওয়ার্ল্ড লিকস’। ডার্ক ওয়েবের মাধ্যমে সাইবার হানার সাহায্যে ওই তথ্য ফাঁস করা হয়েছে বলে সংবাদসংস্থার তরফে জানা গিয়েছে।

র‍্যানসমওয়্যার (ক্ষতিকারক সফট্ওয়্যার বা ম্যালওয়্যার, যা কোনও কম্পিউটার বা ডিভাইসের নিয়ন্ত্রণ নিজের হাতে নেয় এবং ব্যবহারকারীর সব গুরুত্বপূর্ণ ডেটা ‘এনক্রিপ্ট’ বা লক করে ফেলে)-এর মাধ্যমে পরমাণু বিদ্যুৎকেন্দ্রটির ঠিকাদার প্রতিষ্ঠান অনিল অম্বানীর রিলায়্যান্স এডিএজির একটি সার্ভার হ্যাক করে এই তথ্য মিলেছে বলে তথ্য ফাঁসকারী ‘ওয়ার্ল্ড লিকসে’র দাবি। ওই র‍্যানসমওয়্যার গোষ্ঠীর তরফে ফাঁস করা নথিপত্রের মধ্যে পরমাণুকেন্দ্রটির বিভিন্ন অংশের প্ল্যান্ট ব্লুপ্রিন্ট, যন্ত্রাংশের নকশা, সরবরাহকারীদের বিবরণ এবং নিরাপত্তা সংক্রান্ত বিভিন্ন তথ্য রয়েছে। অনিলের কোম্পানির তরফে সংবাদসংস্থা রয়টার্সকে জানানো হয়েছে যে, ভারতীয় ডেটা সেন্টারের তরফে তৃতীয় পক্ষকে পরিষেবা প্রদানকারী সংস্থা ‘ইয়োট্টা’ পরিচালিত একটি সার্ভারে তাদের ডেটার ‘আংশিক লঙ্ঘন’ ঘটেছে এবং এই ঘটনার বিষয়ে সরকারকে অবহিত করা হয়েছে। তবে ঠিক কোন কোন তথ্য ফাঁস হয়েছে, সে বিষয়ে কিছু জানায়নি রিলায়্যান্স এডিএজি। এই ঘটনা কুডনকুলম বিদ্যুৎকেন্দ্রের নিরাপত্তার জন্য গুরুতর ঝুঁকি তৈরি করতে পারে বলে মন্তব্য করেছেন আন্তর্জাতিক পরমাণু পর্যবেক্ষণ সংস্থা ‘নিউক্লিয়ার থ্রেট ইনিশিয়েটিভ’র কর্তা নিকোলাস রথ। এই সংস্থাটি ভারত-সহ বিভিন্ন দেশের সরকারকে পরমাণু নিরাপত্তার বিষয়ে পরামর্শ দেয় এবং এ সংক্রান্ত পদক্ষেপ মূল্যায়ন করে।

নিকোলাসের মতে এই ঘটনা প্রমাণ করছে যে, ভারতে সাইবার হামলার ঘটনা ক্রমশ বাড়ছে, যেখানে অনেক প্রতিষ্ঠান এ ধরনের সঙ্কট মোকাবিলার জন্য সঠিক ভাবে প্রস্তুত নয়। ‘ওয়ার্ল্ড লিকসে’র ওয়েবসাইটে রিলায়্যান্স সংক্রান্ত ৮ লক্ষ ৮৫ হাজার ফাইল রয়েছে। তার মধ্যে ১৯ হাজারটি ‘সংবেদনশীল’। প্রসঙ্গত, ২০১৮ সালে কুডনকুলম পরমাণু বিদ্যুৎকেন্দ্রের ৩ এবং ৪ নম্বর ইউনিটের পরিকাঠামো নকশা ও নির্মাণের জন্য বরাত পেয়েছিল অনিলের সংস্থা রিলায়্যান্স ইনফ্রাস্ট্রাকচার। ডাটাসেন্টার পরিষেবা প্রদানকারী থার্ড-পার্টি সংস্থা ‘ইয়োট্টা’র একটি সার্ভার থেকে এই ডেটা চুরি ঘটনা ঘটেছে বলে জানিয়েছেন তিনি।

# প্রধানমন্ত্রীর পৌরোহিত্যে মন্ত্রিসভার বৈঠকে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত



**নয়াদিল্লি, ১৫ জুলাই:** প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পৌরহিত্যে কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে বুধবার বেশ কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়েছে। মন্ত্রিসভার বৈঠকের পর কেন্দ্রীয় মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেছেন, শহুরে যাতায়াত ব্যবস্থা উন্নত করার লক্ষ্যে, কেন্দ্রীয় মন্ত্রিসভা উত্তরপ্রদেশের জাতীয় মহাসড়ক-১৯ এবং বারাণসী রিং রোডের মধ্যে ৪৬ কিলোমিটারেরও বেশি দীর্ঘ ৬-লেনের একটি ‘গ্রিনফিল্ড এলিভেটেড করিডোর’ নির্মাণের অনুমোদন দিয়েছে। এটি ‘হাইব্রিড অ্যানুইটি মডেলে’র আওতায় বাস্তবায়িত হবে। কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব জানান, এই প্রকল্পের মোট ব্যয় ১৪ হাজার ৪০০ কোটি টাকারও বেশি। প্রকল্পটি জাতীয় সড়ক ১৯ এবং বারাণসী রিং রোডের মধ্যে নিরবচ্ছিন্ন সংযোগ স্থাপন করবে, যার ফলে শহরের সড়কপথে যানজট উল্লেখ যোগ্য ভাবে কমবে এবং যাতায়াত ব্যবস্থা উন্নত হবে। এর ফলে প্রকল্প-সংলগ্ন এলাকায় যাতায়াতের গড় সময় প্রায় ৬০ মিনিট থেকে কমে ২০ মিনিটে নেমে আসবে বলে আশা করা হচ্ছে। তিনি আরও উল্লেখ করেন, এই প্রকল্পের মাধ্যমে গুরুত্বপূর্ণ ধর্মীয়, শিক্ষামূলক ও সাংস্কৃতিক কেন্দ্রগুলোর সাথে যোগাযোগ ব্যবস্থা উল্লেখযোগ্যভাবে উন্নত হবে। এছাড়া মন্ত্রিসভা উত্তরপ্রদেশের বারাণসী শহরের যানজট নিরসনের লক্ষ্যে বরুণা নদীর পাশ দিয়ে জাতীয় সড়ক ৩১ এবং বারাণসী রিং রোডকে সংযুক্তকারী ৪৩ কিলোমিটারেরও বেশি দীর্ঘ ৬/৪-লেনের একটি এলিভেটেড করিডোর নির্মাণের অনুমোদন দিয়েছে। এই প্রকল্পের মোট ব্যয় ১০ হাজার ৯৯৮ কোটি টাকারও বেশি। অশ্বিনী বৈষ্ণব জানান, ভারতের সেমিকন্ডাক্টর ডিজাইন ও উৎপাদন ব্যবস্থাকে (ইকোসিস্টেম) শক্তিশালী করার লক্ষ্যে মন্ত্রিসভা ১ লক্ষ ২৭ হাজার ৫০০ কোটি টাকা বাজেটের ‘সেমিকন ২.০’ প্রকল্পের অনুমোদন দিয়েছে। তিনি বলেন, ‘সেমিকন ১.০’-এর সাফল্যের ধারাবাহিকতায় এই প্রকল্পের লক্ষ্য হলো ভারতকে বিশ্বব্যাপী সেমিকন্ডাক্টর মানচিত্রে প্রতিষ্ঠিত করার সরকারি প্রতিশ্রুতিকে আরও এগিয়ে নেওয়া। পাশাপাশি মন্ত্রিসভা ৬২ হাজার ৫০০ কোটি টাকা বাজেটের ‘মোবাইল ফোন উৎপাদন প্রকল্প’-এর অনুমোদন দিয়েছে। বৈষ্ণব জানান, এই প্রকল্পটি আগামী ৫ বছর ধরে বাস্তবায়িত হবে। তিনি জানান, এই প্রকল্পের আওতায় দেশে মোবাইল ফোন উৎপাদনের ক্ষেত্রে যোগ্য বিক্রয়ের ওপর ২.২৫ শতাংশ থেকে ৫ শতাংশ পর্যন্ত উৎসাহরাশি সহায়তা প্রদান করা হবে।

# নেপালে বর্ষার ব্যাপক প্রভাব, ভারী বৃষ্টির সতর্কতা জারি


**কাঠমান্ডু, ১৫ জুলাই:** নেপাল জুড়ে বর্ষার প্রভাব অব্যাহত রয়েছে। আবহাওয়া দপ্তর বেশ কয়েকটি প্রদেশে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনার বিষয়ে সতর্ক করেছে এবং জনগণকে সতর্ক থাকতে আহ্বান জানিয়েছে। আবহাওয়া দপ্তরের মতে, মৌসুমী নিম্নচাপটি বর্তমানে নেপালের তরাই অঞ্চলের কাছে তার গড় অবস্থানের সামান্য উত্তরে অবস্থান করছে। সারাদেশে সাধারণত মেঘলা আকাশ বিরাজ করছে এবং কোশী, বাগমতী, গণ্ডকী ও লুম্বিনী প্রদেশের বিভিন্ন অংশে এবং কর্ণালী প্রদেশের কিছু এলাকায় মাঝারি বৃষ্টিপাত হচ্ছে। বিভাগটি সারাদেশে সাধারণত মেঘলা আকাশের পূর্বাভাস দিয়েছে। পাহাড়ি ও তরাই অঞ্চলের অনেক এলাকায় বজ্রবিদ্যুৎ সহ মাঝারি থেকে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। কোশী, বাগমতী, গণ্ডকী ও লুম্বিনী প্রদেশের পাহাড়ি জেলাগুলিতে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। মধেশ, বাগমতী, গণ্ডকী এবং লুম্বিনী প্রদেশের তরাই অঞ্চলের কিছু এলাকায় ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। কোশী, বাগমতী এবং গণ্ডকী প্রদেশের উচ্চ পার্বত্য অঞ্চলে তুষারপাত সহ মাঝারি থেকে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।

**পূর্ব রেলওয়ে**
**ই-টেন্ডার নোটিস নং. ঃ ইএলএস/এসডিএএইচ/ওটি/২৬-০০২, তারিখ ১০.০৭.২০২৬।** সিনিয়র ডিভিসনাল ইলেকট্রিকাল ইঞ্জিনিয়ার/ইএমইউ/শিয়ালদহ, ২য় তল, কন্ট্রোল বিল্ডিং, শিয়ালদহ, পূর্ব রেলওয়ে, কলকাতা-৭০০০১৪ কর্তৃক নিম্নলিখিত কাজের জন্য ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে ঃ **টেন্ডার নং ঃ ইএলএস/এসডিএএইচ/ওটি/২৬-০০২। কাজের নাম ঃ** নারকেলডাঙা, বারাসাত এবং সোনারপুর ইএমইউ কারশেড-এর বিভিন্ন শাখায় ইপক্সি ফ্লোরিং-এর ব্যবস্থা করার কাজ। **টেন্ডার মূল্য ঃ** ২৯,২০,৪৪৮.৮৬ টাকা। **বায়না অর্থ ঃ** ৫৮,৪০০ টাকা। **টেন্ডার নথির মূল্য ঃ** শূন্য। **সম্পূর্ণ করার মেয়াদ ঃ** ০৬ মাস। **বন্ধের তারিখ ঃ** ১০.০৮.২০২৬ তারিখ দুপুর ২টো। টেন্ডার বিজ্ঞপ্তির বিশদ এবং সময়ে সময়ে প্রকাশ করা সংশোধনী **www.ireps.gov.in** ওয়েবসাইটে পাওয়া যাবে।
SDAH-136/2026-27
টেন্ডার বিজ্ঞপ্তি ওয়েবসাইট www.er.indianrailways.gov.in / www.ireps.gov.in-এও পাওয়া যাবে।
আমাদের অনুসরণ করুন ঃ @EasternRailway @easternrailwayheadquarter

**লক্ষ্য করুন! আয়ুষ ডাক্তারগণ**
**হাওড়া ডিভিসনের ব্যান্ডেলের হোমিওপ্যাথিক ডিসপেনসারির জন্য চুক্তির ভিত্তিতে হোমিওপ্যাথিক প্র্যাক্টিশনার নিয়োগ**
পূর্ব রেলওয়ের হাওড়া ডিভিসনের ব্যান্ডেলের হোমিওপ্যাথিক ডিসপেনসারির জন্য সেন্ট্রাল স্টাফ বেনিফিট ফান্ডের (সিএসবিএফ) তত্ত্বাবধানে আয়ুষ সিস্টেমের অধীনে চুক্তির ভিত্তিতে একজন (০১) হোমিওপ্যাথিক প্র্যাক্টিশনার (কনসালট্যান্ট) নিয়োগ করতে যোগ্য হোমিওপ্যাথিক চিকিৎসকদের থেকে আবেদন আহ্বান করা হচ্ছে। আগ্রহী চিকিৎসকদের উল্লিখিত নিয়ম ও শর্তাবলী অনুযায়ী নির্ধারিত বয়ান পূরণ করতে বলা হচ্ছে। **নিয়োগের বিবরণঃ পদের নামঃ** হোমিওপ্যাথিক প্র্যাক্টিশনার। **পদের সংখ্যাঃ** ১ (এক)। **কাজের সময়ঃ** ৪ (চার) ঘন্টা। **যোগ্যতাঃ (১)** স্বীকৃত বিশ্ববিদ্যালয়/স্ট্যাটুটরি স্টেট বোর্ড/হোমিওপ্যাথিক সেন্ট্রাল কাউন্সিল অ্যাক্ট, ১৯৭৩-এর অধীনে স্বীকৃত কাউন্সিল থেকে হোমিওপ্যাথিতে ডিগ্রি/ডিপ্লোমা। ডিপ্লোমা ধারকদের ৫ বছরের অভিজ্ঞতা থাকা প্রয়োজন। **(২)** সেন্ট্রাল রেজিস্টার অফ হোমিওপ্যাথি অথবা স্টেট রেজিস্টার অফ হোমিওপ্যাথিতে নথিভুক্ত থাকতে হবে। **(ক)** ডিগ্রি আছে এমন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। স্নাতক ডিগ্রি থাকা প্রার্থীদের অপেক্ষা স্নাতকোত্তর ডিগ্রি থাকা প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। **(খ)** অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেওয়া হবে এবং সরকারী অথবা নামী প্রাইভেট হাসপাতালে কাজ করার অভিজ্ঞতা আছে এমন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। **চুক্তির সময়সীমাঃ** ০১ বছর। নির্ধারিত বয়ানে, সর্বতোভাবে পূরণ করা আবেদন এবং সকল সংশ্লিষ্ট সার্টিফিকেট/নথিপত্রের স্ব-প্রত্যয়িত কপি সিনিয়র ডিভিসনাল পার্সোনেল অফিসার, পার্সোনেল ডিপার্টমেন্ট, পূর্ব রেলওয়ে, নিউ ডিআরএম বিল্ডিং, হাওড়া-৭১১১০১-এর অফিসের ওয়েলফেয়ার সেকশনে সাধারণ ডাক মারফত পাঠাতে হবে অথবা সপ্তাহের দিনে উক্ত অফিসে রাখা বাক্সে জমা করতে হবে। আবেদন এই অফিসে **১৩.০৮.২০২৬ তারিখ বিকেল ৫টা অবধি বা তার পূর্বে পৌঁছতে হবে।** নির্ধারিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত অথবা যে কোন প্রকারে অসম্পূর্ণ আবেদন সরাসরি বাতিল করে দেওয়া হবে। অন্যান্য বিস্তারিত বিবরণ, নিয়ম ও শর্তাবলীর জন্য পূর্ব রেলওয়ের হাওড়া ডিভিসনের ওয়েবসাইট **http://www.er.indianrailways.gov.in** দেখুন।
**চেয়ারপার্সন/ডিএসবিএফ এবং সিনিয়র ডিভিসনাল পার্সোনেল অফিসার, হাওড়া**
**পূর্ব রেলওয়ে**
আমাদের অনুসরণ করুন: @EasternRailway @easternrailwayheadquarter

Printed and Published by **Krishnanand Singh** on behalf of **Narsingha Broadcasting Pvt. Ltd.** Printed at **LS.Publication, 4, Canal West Road, Kolkata 700015** and Published at **1, Old Court House Corner, 3rd Floor, Room no. 306(S), Tobacco House, Kolkata- 700001 RNI No. WBBEN/2006/17404,** Phone: 033-4001 9663 email- dailyekdin1@gmail.com **Editor: Santosh Kumar Singh**

নরসিংহ ব্রডকাস্টিং প্রাইভেট লিমিটেড-এর পক্ষে কৃষ্ণানন্দ সিং কর্তৃক ১, ওল্ড কোর্ট হাউস কর্ণার, ৪র্থ তল, রুম নম্বর ৩০৬ (এস), টোবাকো হাউস, কলকাতা-৭০০০০১ থেকে প্রকাশিত ও এলএস পাবলিকেশনস প্রাইভেট লিমিটেড, ৪ ক্যানাল ওয়েস্ট রোড, কলকাতা-৭০০০১৫ থেকে মুদ্রিত।
**RNI No. WBBEN/2006/17404,** ফোন: ০৩৩-৪০০১ ৯৬৬৩, ইমেল: dailyekdin1@gmail.com **সম্পাদক: সন্তোষ কুমার সিং**






## মাত্র শেষ ৮ মিনিট মেসি-ঝড়েই উড়ে গেল ইংল্যান্ড

# ফাইনালে স্পেন বনাম আর্জেন্টিনা







**নিজস্ব প্রতিবেদন:** শেষ বাঁশি বাজার আগে কখনো হাল ছাড়তে নেই। এবার বিশ্বকাপে এই কথা প্রমাণ করতে করতে ফাইনালে উঠল আর্জেন্টিনা। আটলান্টায় আজ রাতে বিশ্বকাপের সেমিফাইনালে ইংল্যান্ডকে ২,১ গোলে হারিয়ে ফাইনালে উঠে গেছে বর্তমান চ্যাম্পিয়নরা। নিউ জার্সিতে আগামী রোববার রাতে ফাইনালে মেসিদের প্রতিপক্ষ স্পেন।

প্রথমার্ধে ফুটবলের বদলে মারামারি ও ফাউলই বেশি হয়েছে। ৩টি গোলই হয়েছে বিরতির পর। ৫৫ মিনিটে মর্গান রজার্সের ক্রস থেকে গোল করে ইংল্যান্ডকে এগিয়ে দেন অ্যান্থনি গর্ডন। এরপরই ইংল্যান্ডকে চেপে ধরে ৮৫ থেকে পরবর্তী ৮ মিনিটের মধ্যে ২টি গোল আদায় করে আর্জেন্টিনা।

৮৫ মিনিটে লিওনেল মেসির পাস পেয়ে বক্সের বাইরে থেকে দারুণ এক শটে গোল করে আর্জেন্টিনাকে সমতায় ফেরান এনজো ফার্নান্দেজ। যোগ করা (৯০+২) সময়ে হেডে বদলি নামা লাউতারো মার্তিনেজের গোলটির উৎসও মেসির ক্রস।

ইংল্যান্ড ম্যাচে এগিয়ে যাওয়ার পর আর্জেন্টিনার মিডফিল্ডার অ্যালেক্সিস ম্যাক অ্যালিস্টারের দুটি শট পোস্টে লাগে। দুটি দারুণ সেভও করেন ইংল্যান্ডের গোলকিপার জর্ডান পিকফোর্ড। বিরতির পর পাঁচটি শট পোস্টে রাখতে পেরেছে আর্জেন্টিনা, দুটি ইংল্যান্ড।

ফাউলের প্রথমার্ধে পোস্টে শট রাখতে পারেনি কোনো দল। তখন খেলা দেখে মনে হয়েছে, ফকল্যান্ড যুদ্ধ বুঝি ফিরে এসেছে! বিরতির পর ফুটবলে ফিরে শেষ হাসিটা হেসেছে বর্তমান চ্যাম্পিয়নরাই। ইতিহাসের তৃতীয় দল হিসেবে এখন টানা দ্বিতীয় বিশ্বকাপ জয়ের সুযোগ আর্জেন্টিনার সামনে।

ইংল্যান্ড স্বপ্ন দেখেছিল ১৯৬৬ বিশ্বকাপের পর প্রথমবারের মতো ফাইনালে ওঠার। কিন্তু এবার বিশ্বকাপে শেষ ৩২ দলের রাউন্ড, শেষ ষোলো ও কোয়ার্টার ফাইনালে ম্যাচের শেষ দিকে গোল করাকে অভ্যাসে পরিণত করা আর্জেন্টিনা ঘুরে দাঁড়ানোয় অপেক্ষা বাড়ল তাদের।

ম্যাচে এগিয়ে যাওয়ার পর চারজন সেন্ট্রাল ডিফেন্ডার রক্ষণ বাঁচানোর চেষ্টা করেন ইংল্যান্ড কোচ টমাস টুখেল। কিন্তু উইং ব্যবহার করে ইংলিশ রক্ষণের ফাঁক বের করেন আর্জেন্টাইন আক্রমণভাগ। অন্যদিকে পিছিয়ে পড়ার পর ইংল্যান্ড দলকে বলতে গেলে কোনো শটই নিতে দেয়নি আর্জেন্টাইন রক্ষণভাগ।

ইংল্যান্ডের বিপক্ষে এটাই ছিল মেসির প্রথম ম্যাচ। গোল না পেলেও আর্জেন্টিনার দুটি গোলের উৎস তৈরির পাশাপাশি ডান উইং ধরে বেশ কিছু আক্রমণ করেন আর্জেন্টাইন কিংবদন্তি। এই ম্যাচে ৯টি সফল ড্রিবলও করেন মেসি। ১৯৬৬ সাল থেকে বিশ্বকাপের নথি সংরক্ষণ শুরুর পর প্রথম খেলোয়াড় হিসেবে বিশ্বকাপের নকআউট ম্যাচে ৯টি ড্রিবলের পাশাপাশি দুটি গোলও তৈরি করলেন মেসি। জয়ের পর মাঠেই হাটু মুড়ে তাঁর উদ্‌যাপন অনেকদিন মনে রাখবেন আর্জেন্টিনার সমর্থকরা।

## এই রেফারি কি আদৌ সেমিফাইনাল খেলানোর যোগ্য? বিদায়ের মঞ্চে রেফারিং নিয়ে ক্ষোভ দেশঁর

**নিজস্ব প্রতিবেদন:** বিশ্বকাপের সেমিফাইনালে স্পেনের কাছে ২-০ গোলে হারের পর শুধু ফ্রান্সের বিশ্বকাপ স্বপ্নই শেষ হয়নি, শেষ হয়েছে দিদিয়ের দেশঁর দীর্ঘ কোচিং অধ্যায়ও। তবে বিদায়ের মুহূর্তে সবচেয়ে বেশি আলোচনায় উঠে এসেছে তাঁর রেফারিং নিয়ে বিস্ফোরক মন্তব্য। ম্যাচ শেষে এল সালভাদরের রেফারি ইভান বার্টনের একাধিক সিদ্ধান্ত নিয়ে প্রকাশ্যেই প্রশ্ন তোলেন ফ্রান্সের বিশ্বকাপজয়ী এই কোচ। তাঁর দাবি, এমন গুরুত্বপূর্ণ ম্যাচ পরিচালনার জন্য রেফারির পারফরম্যান্স প্রত্যাশার পর্যায়ে ছিল না।



ম্যাচের মোড় ঘুরে যায় প্রথমার্ধের ২২ মিনিটে। স্পেনের তরুণ তারকা লামিন ইয়ামালকে পেনাল্টি বক্সের ভিতরে ফাউল করেন ফ্রান্সের লুকাস ডিন। ঘটনাটি ইচ্ছাকৃত না হলেও রেফারি সঙ্গে সঙ্গেই পেনাল্টির বাঁশি বাজান। সেই সুযোগ কাজে লাগিয়ে স্পেনকে এগিয়ে দেন মিকেল ওয়ারজাবাল। এই সিদ্ধান্ত নিয়েই সবচেয়ে বেশি আপত্তি দেশঁর।

ম্যাচ শেষে সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেন, তাঁর মনে একটি প্রশ্ন ঘুরছে;এই রেফারি আদৌ বিশ্বকাপের সেমিফাইনালের মতো বড় ম্যাচ পরিচালনার যোগ্য ছিলেন কি না। যদিও তিনি এটাও স্পষ্ট করে দেন যে, শুধু হারের হতাশা থেকেই এমন মন্তব্য করছেন না। তাঁর মতে, ম্যাচের বিভিন্ন গুরুত্বপূর্ণ মুহূর্তে বেশ কয়েকটি সিদ্ধান্ত ফ্রান্সের বিপক্ষে গিয়েছে এবং সেগুলো দলের ওপর প্রভাব ফেলেছে।

তবে রেফারিং নিয়ে ক্ষোভ প্রকাশ করলেও নিজের দলের ব্যর্থতা আড়াল করার চেষ্টা করেননি দেশঁ। বরং অকপটে স্বীকার করেছেন, স্পেনই ছিল দুই দলের মধ্যে অনেক বেশি সংগঠিত ও কার্যকর। তাঁর কথায়, ফ্রান্স নিজেদের স্বাভাবিক ফুটবল খেলতে পারেনি। মাঝমাঠের নিয়ন্ত্রণ, আক্রমণের গতি এবং রক্ষণ;সব বিভাগেই স্পেন এগিয়ে ছিল। তাই এই পরাজয়ের দায় অন্য কারও নয়, দলের নিজেদেরই।

দেশঁ বলেন, বিশ্বকাপ জেতাই ছিল তাঁদের মূল লক্ষ্য। কিন্তু সেই স্বপ্নপূরণ সম্ভব হয়নি, কারণ স্পেন শুরু থেকে শেষ পর্যন্ত ম্যাচের নিয়ন্ত্রণ নিজেদের হাতেই রেখেছিল। প্রতিপক্ষের কৌশলের সামনে ফরাসিরা কার্যত অসহায় হয়ে পড়ে। এমবাপে, দেম্বেলে কিংবা ওলিসে;কেউই নিজেদের সেরাটা তুলে ধরতে পারেননি।

এই ম্যাচের মধ্য দিয়েই শেষ হল ফ্রান্সের জাতীয় দলের কোচ হিসেবে দেশঁর ১৪ বছরের অধ্যায়। ২০১২ সালে দায়িত্ব নেওয়ার পর তিনি ফরাসি ফুটবলকে নতুন উচ্চতায় পৌঁছে দেন। তাঁর কোচিংয়েই ২০১৮ সালে বিশ্বকাপ জেতে ফ্রান্স। এছাড়া ২০২০-২১ মৌসুমে উয়েফা নেশনস লিগও জেতে দলটি। একাধিক বড় টুর্নামেন্টে ফ্রান্সকে ফাইনাল ও সেমিফাইনালে তোলার কৃতিত্বও তাঁর ঝুলিতে রয়েছে।

এর আগেই দেশঁ জানিয়ে দিয়েছিলেন, এই বিশ্বকাপের পর তিনি দায়িত্ব ছাড়বেন। সেই ঘোষণাই এবার বাস্তব হলো। তাঁর বিদায়ের পর ফ্রান্সের ডাগআউটে নতুন অধ্যায় শুরু হতে চলেছে। দেশের ফুটবল মহলের প্রত্যাশা, কিংবদন্তি জিনেদিন জিদান জাতীয় দলের নতুন কোচ হিসেবে দায়িত্ব নেবেন এবং আগামী দিনের চ্যালেঞ্জে ফ্রান্সকে নতুন পথে এগিয়ে নিয়ে যাবেন।

দেশঁ বিদায় নিলেও তাঁর অবদান ফরাসি ফুটবলের ইতিহাসে দীর্ঘদিন স্মরণীয় হয়ে থাকবে। তবে তাঁর শেষ ম্যাচে রেফারিং বিতর্ক নতুন করে বিশ্বকাপের ম্যাচ পরিচালনা নিয়ে প্রশ্ন তুলে দিল, যা আগামী দিনেও আলোচনার কেন্দ্রবিন্দুতে থাকার সম্ভাবনাই বেশি।

## শাকিরা-ম্যাডোনা থেকে টম ক্রুজ! বিশ্বকাপ ফাইনালে মঞ্চ মাতাতে একঝাঁক তারকা

**নিজস্ব প্রতিবেদন:** দেখতে দেখতে শেষের পথে ফিফা বিশ্বকাপ ২০২৬। আর মাত্র কয়েকদিনের অপেক্ষা, তারপরই পর্দা নামবে বিশ্বের সবচেয়ে জনপ্রিয় ক্রীড়া আসরের। এবারের বিশ্বকাপ একাধিক কারণে ইতিহাসে জায়গা করে নিয়েছে। সবচেয়ে বেশি সংখ্যক দেশের অংশগ্রহণ, সর্বাধিক ম্যাচ, রেকর্ডসংখ্যক দর্শক এবং তিন দেশের যৌথ আয়োজনে এই টুর্নামেন্ট ইতিমধ্যেই অনন্য উচ্চতায় পৌঁছেছে। সেই ঐতিহাসিক আসরের শেষ মুহূর্তটিকেও স্মরণীয় করে রাখতে বিশাল পরিকল্পনা নিয়েছে ফিফা।

আগামী ১৯ জুলাই (ভারতীয় সময় রাত ১২টা ৩০ মিনিটে) নিউ ইয়র্কের মেটলাইফ স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে বিশ্বকাপের ফাইনাল। তবে শুধু মাঠের লড়াই নয়, দর্শকদের জন্য অপেক্ষা করছে এক বর্ণাঢ্য বিনোদনের আয়োজনও। প্রথমবারের মতো বিশ্বকাপ ফাইনালের হাফটাইমে অনুষ্ঠিত হবে বিশেষ কনসার্ট, যা ফুটবল বিশ্বে নতুন ইতিহাস গড়তে চলেছে। এতদিন বিশ্বকাপের উদ্বোধনী অনুষ্ঠান থাকলেও ফাইনালের বিরতিতে এমন আয়োজন আগে কখনও দেখা যায়নি।

ফিফার পরিকল্পনা অনুযায়ী, মাত্র ১১ মিনিটের এই হাফটাইম শো-তে পারফর্ম করবেন বিশ্বের জনপ্রিয় কয়েকজন সংগীতশিল্পী। তালিকায় রয়েছেন পপ সম্রাজ্ঞী ম্যাডোনা, লাতিন সঙ্গীতের সুপারস্টার শাকিরা এবং বিশ্বজুড়ে জনপ্রিয় জাস্টিন বিবার। এছাড়াও কোরিয়ান সুপারগ্রুপ



বিটিএসের সদস্যদের উপস্থিতি নিয়েও জোর আলোচনা চলছে। ফুটবল আর সঙ্গীতের এই মিলনমেলা বিশ্বজুড়ে কোটি কোটি দর্শকের কাছে বিশেষ আকর্ষণ হয়ে উঠবে বলেই মনে করছে ফিফা।

তবে চমক শুধু হাফটাইমেই সীমাবদ্ধ নয়। ম্যাচ শুরুর আগেও থাকবে জমকালো সমাপনী অনুষ্ঠান। সেখানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন হলিউড সুপারস্টার টম ক্রুজ। ‘মিশন ইম্পসিবল’ খ্যাত এই অভিনেতাকে একটি বিশেষ পরিবেশনায় দেখা যাবে বলে জানা গেছে। তাঁর পাশাপাশি ইতালির কিংবদন্তি গায়িকা লরা পাউসিনি, ব্রিটিশ পপ তারকা রবি উইলিয়ামস এবং নিকোল শেরজিঙ্গারের মতো আন্তর্জাতিক শিল্পীরাও মঞ্চে পারফর্ম করবেন।

তরুণ দর্শকদের জন্য আরও একটি বড় আকর্ষণ থাকছে। জনপ্রিয় মার্কিন ইউটিউবার ও স্ট্রিমার আইশোস্পিডও এই অনুষ্ঠানে অংশ নেবেন। সামাজিক যোগাযোগমাধ্যমে বিপুল জনপ্রিয় এই কনটেন্ট ক্রিয়েটরের উপস্থিতি নতুন প্রজন্মের ফুটবলপ্রেমীদের উচ্ছ্বাস আরও বাড়িয়ে দেবে বলেই মনে করা হচ্ছে।



ফাইনাল ম্যাচ শুরুর আগে যুক্তরাষ্ট্রের জাতীয় সঙ্গীত পরিবেশন করবেন অস্কারজয়ী গায়িকা ও অভিনেত্রী জেনিফার হাডসন। তাঁর কণ্ঠে জাতীয় সঙ্গীতের মাধ্যমে শুরু হবে বিশ্বকাপ ফাইনালের আনুষ্ঠানিকতা।

তবে এই আয়োজনের পেছনে রয়েছে একটি মানবিক উদ্দেশ্যও। ফিফা জানিয়েছে, হাফটাইম কনসার্টের টিকিট বিক্রি থেকে প্রাপ্ত অর্থ দেওয়া হবে গ্লোবাল সিটিজেন এডুকেশন ফান্ডে। বিশ্বের সুবিধাবঞ্চিত শিশুদের শিক্ষার জন্য ১০০ মিলিয়ন ডলার সংগ্রহের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। ইতিমধ্যেই ৫০ মিলিয়নেরও বেশি ডলার সংগ্রহ হয়েছে। ফাইনালের প্রতিটি টিকিট থেকে নির্দিষ্ট অর্থ এই তহবিলে যোগ করা হবে।

## ইনফান্তিনোর বিরুদ্ধে তদন্তের দাবি, ফিফার ওপর চাপ বাড়াল অলিম্পিক সংস্থা

**নিজস্ব প্রতিবেদন:** ফিফা বিশ্বকাপকে ঘিরে বিতর্ক যেন থামছেই না। রেফারিং, শাস্তি প্রত্যাহার, রাজনৈতিক প্রভাব; একের পর এক অভিযোগে চাপে পড়েছে বিশ্ব ফুটবলের সর্বোচ্চ সংস্থা ফিফা। ইউরোপীয় ফুটবলের নিয়ামক সংস্থা উয়েফার পর এবার আন্তর্জাতিক অলিম্পিক কমিটি (আইওসি)-র দিক থেকেও বাড়ছে চাপ। ফিফা সভাপতি জিয়ান্নি ইনফান্তিনোর ভূমিকা নিয়ে তদন্তের দাবি উঠেছে, যা বিশ্ব ফুটবলে নতুন করে আলোড়ন সৃষ্টি করেছে। মূল বিতর্কের কেন্দ্রবিন্দুতে রয়েছে মার্কিন যুক্তরাষ্ট্রের স্ট্রাইকার ফোলারিন বালোগানের লাল কার্ড বাতিলের ঘটনা। বসনিয়ার বিরুদ্ধে বিশ্বকাপের ম্যাচে প্রতিপক্ষ ডিফেন্ডারকে আঘাত করার অভিযোগে সরাসরি লাল কার্ড দেখে ছিলেন বালোগান। সাধারণ নিয়ম অনুযায়ী পরবর্তী ম্যাচে তাঁর নিষিদ্ধ থাকার কথা ছিল। কিন্তু আশ্চর্যজনকভাবে শেষ ষোলোর আগে সেই লাল কার্ড প্রত্যাহার করে ফিফা। শুধু তাই নয়, জানিয়ে দেওয়া হয় যে ওই লাল কার্ড বিশ্বকাপে কোনও ধরনের নিষেধাজ্ঞা হিসেবেও কার্যকর হবে না। এমন সিদ্ধান্ত ফুটবল মহলে ব্যাপক প্রশ্নের জন্ম দিয়েছে।

অভিযোগ, এই সিদ্ধান্তের পিছনে রাজনৈতিক প্রভাব কাজ করেছে। বিভিন্ন সূত্রের দাবি, মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প নিজে বিষয়টি নিয়ে আগ্রহ দেখান এবং তাঁর দফতর থেকে সরাসরি ফিফা সভাপতি জিয়ান্নি ইনফান্তিনোর সঙ্গে যোগাযোগ করা হয়। এরপরই দ্রুত বালোগানের নিষেধাজ্ঞা তুলে নেওয়া হয় বলে অভিযোগ উঠেছে। যদিও এই বিষয়ে ফিফার তরফে আনুষ্ঠানিকভাবে কোনও ব্যাখ্যা দেওয়া হয়নি, তবু ঘটনাটি নিয়ে বিশ্বজুড়ে সমালোচনা শুরু হয়েছে। এই ঘটনার জেরেই আন্তর্জাতিক অলিম্পিক কমিটির কাছে আনুষ্ঠানিক অভিযোগ জমা দিয়েছে একটি স্বাধীন পরামর্শদাতা সংস্থা। তাদের দাবি, ইনফান্তিনো আইওসি-র সদস্য হওয়ার কারণে অলিম্পিক আন্দোলনের নৈতিকতা ও নিরপেক্ষতার নীতিমালা মেনে চলতে বাধ্য। কিন্তু তিনি রাজনৈতিক প্রভাবকে প্রশ্রয় দিয়ে সেই নীতির পরিপন্থী কাজ করেছেন। অভিযোগে বলা হয়েছে, ট্রাম্পের প্রতি সমর্থন জানাতে গিয়ে অন্তত পাঁচটি ক্ষেত্রে তিনি আইওসি-র আচরণবিধি লঙ্ঘন করেছেন। শুধু বালোগানের ঘটনাই নয়, আরও একাধিক বিষয় নিয়ে প্রশ্ন উঠেছে। অভিযোগ রয়েছে, ট্রাম্পের সঙ্গে যুক্ত একটি সংস্থার প্রচারে ফিফার প্ল্যাটফর্ম ব্যবহার করা হয়েছে। পাশাপাশি ট্রাম্পকে ফিফা ‘শান্তি পুরস্কার’ দেওয়া এবং তাঁকে নোবেল শান্তি পুরস্কারের জন্য সুপারিশ করার ঘটনাও আইওসি ভালোভাবে দেখছে না। ক্রীড়াক্ষেত্রে রাজনৈতিক নিরপেক্ষতা বজায় রাখাই অলিম্পিক আন্দোলনের অন্যতম মূলনীতি। তাই এই ঘটনাগুলি নিয়ে আইওসি অত্যন্ত গুরুত্ব সহকারে বিষয়টি বিবেচনা করছে বলে জানা গেছে। ইনফান্তিনোর বিরুদ্ধে অভিযোগ অবশ্য এই প্রথম নয়। এর আগেও তাঁর প্রশাসনিক ভূমিকা নিয়ে প্রশ্ন উঠেছিল। সেই সময় নরওয়ে ফুটবল সংস্থাও তাঁর সমালোচনায় সরব হয়েছিল। এবার ইউরোপীয় পার্লামেন্টের ৩৫ জন সদস্যও ফিফা সভাপতির বিরুদ্ধে নিরপেক্ষ তদন্তের দাবি তুলেছেন। তাঁদের বক্তব্য, ফুটবলের মতো বৈশ্বিক খেলায় কোনও রাজনৈতিক প্রভাব বা বিশেষ সুবিধার অভিযোগ থাকলে তা নিরপেক্ষভাবে তদন্ত হওয়া জরুরি। ফিফা এখনও পর্যন্ত এই বিতর্ক নিয়ে বিস্তারিত প্রতিক্রিয়া দেয়নি। তবে আইওসি যদি আনুষ্ঠানিক তদন্ত শুরু করে, তাহলে ইনফান্তিনোর অবস্থান আরও কঠিন হয়ে পড়তে পারে। বিশ্বকাপের মতো মর্যাদাপূর্ণ প্রতিযোগিতায় সিদ্ধান্ত গ্রহণের স্বচ্ছতা এবং নিরপেক্ষতা নিয়ে যে প্রশ্ন উঠেছে, তা ফুটবলের ভাবমূর্তির জন্যও বড় ধাক্কা। এখন নজর থাকবে আইওসি-র পরবর্তী পদক্ষেপ এবং ফিফা এই অভিযোগগুলির জবাব কীভাবে দেয়, সেদিকেই।